গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) ইউনিট
www.rdcd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১০৯ তারিখ: ২৬ চৈত্র ১৪২৯
০৯ এপ্রিল ২০২৩

বিষয়: **পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) এর ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি,২০২৩- মার্চ,২০২৩) প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) এর ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি,২০২৩- মার্চ,২০২৩) সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন (জানুয়ারি,২০২৩- মার্চ,২০২৩)।

৯-৪-২০২৩
সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
ফোন: +৮৮-০২-৯৫৭৫৫৬৩
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল: ds.admin2@rdcd.gov.bd

সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৪৩.১৬.০০১.২০.১০৯/১(১০) তারিখ: ২৬ চৈত্র ১৪২৯
০৯ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) অতিরিক্ত সচিব, আইন ও প্রতিষ্ঠান অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
২) উপসচিব, বাজেট অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৩) উপসচিব, সুশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) উপসচিব (প্রশাসন), প্রশাসন অধিশাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৫) উপসচিব, প্রতিষ্ঠান-২ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৬) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৭) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৮) সহকারী সচিব, আইন শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

৯) সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১০) সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৫ শাখা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ



৯-৪-২০২৩

আফরিন মোহাম্মদ আঁখি

প্রোগ্রামার

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
পল্লী উন্নয়ন ও সমবায়, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
www.rdcd.gov.bd

# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সেবা প্রদান প্রতিশ্রুতি ২য় ত্রৈমাসিক (অক্টোবর,২০২২-ডিসেম্বর,২০২২) পরিবীক্ষণ প্রতিবেদন

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | |
| ১। | (ক) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান। | সেবা প্রত্যাশীগণের নিকট হতে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইলে সুনির্দিষ্ট তথ্য চেয়ে আবেদন প্রাপ্তির পর যাচিত তথ্য সংরক্ষিত থাকলে তা কাঙ্খিত মাধ্যমে (ডাকযোগে বা ই-মেইলে ) প্রদান করা হয়; তবে ইপ্সিত তথ্য অধীনস্থ দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক প্রদান করা হয়। | ৩য় ত্রৈমাসিকে একটি আবেদন পাওয়া যায়নি। |
| | (খ) তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আপীল অভিযোগ। | সেবা প্রত্যাশীগণের নিকট হতে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ই-মেইলে সুনির্দিষ্ট তথ্য চেয়ে আবেদন প্রাপ্তির পর যাচিত তথ্য সংরক্ষিত থাকলে তা কাঙ্খিত মাধ্যমে (ডাকযোগে বা ই-মেইলে ) প্রদান করা হয়; তবে ইপ্সিত তথ্য অধীনস্থ দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠান হতে সংগ্রহপূর্বক প্রদান করা হয়। | ৩য় ত্রৈমাসিকে কোন আপীল আবেদন পাওয়া যায়নি। |

## প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১| | দপ্তর/সংস্থার প্রধানগণ এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ০৩ জন কর্মকর্তা' র অনুকূলে শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর করা হয়। |
| ২| | দপ্তর/সংস্থার প্রধানগণ এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ০২ জন কর্মকর্তা' র অনুকূলে অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুর করা হয়। |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | কর্মকর্তাগণের অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর | তাছাড়া, সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণীয়। | |
| ৩। | দপ্তর/সংস্থার প্রধানগণ এবং উপসচিব ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাগণের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ০১ জন কর্মকর্তার অনুকূলে সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি প্রদান করা হয় |
| ৪। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের বাজেট প্রণয়নে সহায়তা | ক) বাজেট পরিপত্র-১ এ উল্লেখিত প্রাথমিক ব্যয়সীমা ও রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত প্রস্তাব পর্যালোচনার জন্য বাজেট ওয়ার্কিং গ্রুপ ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন গ্রহণ পূর্বক আইবাসে এন্ট্রি প্রদান করে বরাদ্দ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ।<br>খ) অর্থ বিভাগের সাথে অনুষ্ঠিত ত্রি-পক্ষীয় সভায় অনুমোদন গ্রহণ ও চূড়ান্ত বাজেট সিলিং পুন:নির্ধারণ।<br>গ) বাজেট পরিপত্র-২, পুন:নির্ধারিত সিলিং ও দপ্তর/সংস্থা সমূহের প্রস্তাব অনুযায়ী বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদন গ্রহণ পূর্বক আইবাসে এন্ট্রি প্রদান ও চূড়ান্ত বাজেট প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ। | ক) ২০২৩-২৪ অর্থবছরের বাজেট প্রাক্কলন প্রণয়নের লক্ষ্যে অর্থ বিভাগ কর্তৃক গত ২৬শে ডিসেম্বর, ২০২২ তারিখে পরিপত্র জারী করা হয়েছে।<br>খ) ১৮/০১/২০২৩ তারিখে বাজেট ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত হয়।<br>গ) ২২/০১/২০২৩ তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়।<br>ঘ) বাজেট ব্যবস্থাপনা কমিটির সুপারিশের আলোকে বাজেট প্রাক্কলন অর্থ বিভাগের নির্ধারিত সময়ের মধ্যে আইবাস++ সিস্টেমে এন্ট্রি সম্পন্ন করা হয়।<br>ঙ) গত ১৫/০২/২০২৩ তারিখে অর্থ বিভাগে ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। |
| ৫। | দপ্তর/সংস্থার বাজেট বরাদ্দের অর্থ পুন:উপযোজনে সহায়তা | দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অর্থ পুন:উপযোজনের প্রস্তাব অর্থ বিভাগের পরিপত্র অনুযায়ী অনুমোদনের পর্যায় বিবেচনা পূর্বক প্রশাসনিক মন্ত্রণালয়/অর্থ বিভাগের সম্মতি গ্রহণ। | পুনঃউপযোজনের কোন প্রস্তাব পাওয়া যায়নি। |
| ৬। | দপ্তর/ সংস্থা হতে প্রাপ্ত অডিট আপত্তির ব্রডশীট জবাব সুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণে সহায়তা | দপ্তর/ সংস্থা হতে প্রাপ্ত ব্রডশীট জবাব ও এর স্বপক্ষে প্রেরিত প্রমাণকসমূহ পর্যালোচনা পূর্বক সঠিক বিবেচিত হলে সচিব মহোদয় কর্তৃক নিষ্পত্তির সুপারিশসহ অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়। | পিডিবিএফ হতে ০৭টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ১৬/০২/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ২৬/০২/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>পিডিবিএফ হতে ২৬টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ১৫/০২/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ২৭/০২/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>বার্ড হতে ০৫টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ১০/০১/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ১২/০১/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>বার্ড হতে ০১টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ১৫/০২/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ২০/০১/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>বার্ড হতে ১৫টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ১৫/০২/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ২৭/০২/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br><br>বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন হতে ০৫টি অডিট আপত্তির ব্রডসীট জবাব ২৬/০২/২০২৩ তারিখে এ বিভাগে প্রেরণ করা হয়। উক্ত আপত্তির ব্রডসীট জবাব মন্ত্রণালয়ের সুপারিশসহ ২৮/০২/২০২৩ তারিখে অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। |
| ৭। | জাতীয় সমবায় পুরস্কার মনোনয়ন ও প্রদান | ক) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ বিভিন্ন পর্যায়ের বাছাই কমিটির নিকট যথাসময়ে ছক প্রেরণ করবে।<br>খ) উপজেলা কমিটি কর্তৃক শ্রেষ্ঠ সমিতি/ শ্রেষ্ঠ সমবায়ীর নাম পর্যায়ক্রমে জেলা এবং বিভাগীয় কমিটি কর্তৃক বাছাইয়ের পর জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্তভাবে জাতীয় পর্যায়ে শ্রেষ্ঠ সমবায়ি/সমিতি চূড়ান্তভাবে নির্বাচন করা হয়ে থাকে।<br>গ) জাতীয় কমিটি বিশেষ বিবেচনায়, অধিকতর তথ্য ও অনুসন্ধানের ভিত্তিতে বিভাগীয় কমিটি হতে প্রাপ্ত মনোনয়ন সংশোধনপূর্বক উপর্যুক্ত সমিতি বা সমবায়ীকে যে কোন ক্ষেত্রে পুরস্কারের জন্য মনোনীত করতে পারবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে জাতীয় সমবায় পুরস্কার মনোনয়ন ও প্রদান বিষয়ে কোন কার্যক্রম না থাকায় কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। |
| ৮। | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাগণের শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর | সংশ্লিষ্ট কর্মকর্তার আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে ০৬টি আবেদন প্রাপ্তির পর তা যথাসময়ে নিস্পত্তি করা হয়েছে। |
| ৯। | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাগণের অর্জিত ছুটি (বহিঃ বাংলাদেশ) মঞ্জুর | স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জিও জারি করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে ১০টি আবেদন প্রাপ্তির পর তা যথাসময়ে নিস্পত্তি করা হয়েছে। |
| ১০। | দেশে উচ্চ শিক্ষার জন্য অনুমতি প্রদান/ছাড়পত্র প্রদান। | ছুটি বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত ছুটির আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে যাচিত ছুটি অনুমোদন। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসেনি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১১। | বিদেশে উচ্চ শিক্ষার জন্য অনুমতি | নির্ধারিত ফরমে আবেদন প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে ০১টি প্রস্তাব আসে এবং তা যথাসময়ে |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | প্রদান ও আবেদনপত্র অগ্রায়ন। | অনুমোদনক্রমে জিও জারি করা হয়। | অনুমোদনপূর্বক নিস্পত্তি করা হয়েছে। |
| ১২। | সমবায় অধিদপ্তরের প্রাধিকারভুক্ত কর্মকর্তাদের দাপ্তরিক/ আবাসিক টেলিফোন মঞ্জুরী ও অনুমোদন | কর্মকর্তাদের আবেদনের পরিপেক্ষিতে অগ্রাধিকার প্রাপ্যতা অনুযায়ী সেবা প্রদান করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসে নাই বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১৩। | বিসিএস (সমবায়) ক্যাডার কর্মকর্তাগণের [সহকারী নিবন্ধক হতে অতিরিক্ত নিবন্ধক পর্যায়ে] পদোন্নতি প্রদান। | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে পদোন্নতি অনুমোদন। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে অতিরিক্ত নিবন্ধক, যুগ্ম-নিবন্ধক ও উপ-নিবন্ধক পদে পদোন্নতির প্রস্তাব প্রাপ্তির পর অন্যান্য আনুষাংগিক কার্যক্রম ও তথ্যাদি প্রেরণের জন্য গত ১১.১২.২০২২ তারিখে সচিব, দুর্নীতি দমন কমিশন ও মহাপরিচালক, জাতীয় গোয়েন্দা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়েছে। এখন পর্যন্ত পত্রের আলোকে চাহিত তথ্যাদি পাওয়া যায়নি। শীঘ্রই পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে। তবে এ বিষয়ে মহাপরিচালক, জাতীয় গোয়েন্দা অধিদপ্তরে অনুরোধপত্র প্রেরণের জন্য কর্তৃপক্ষের অনুমোদনের নিমিত্ত গত ০২.০৪.২০২৩ তারিখে নথি উপস্থাপন করা হয়েছে। |
| ১৪। | সমবায় অধিদপ্তরের কর্মচারীদের ৪র্থ কিস্তির অগ্রিম জিপিএফ মঞ্জুরি। | নির্ধারিত ফরমে সাধারণ ভবিষ্য তহবিলে সর্বশেষ জমাকৃত অর্থের হিসাব বিবরণীসহ আবেদনের ভিত্তিতে অগ্রিম মঞ্জুর | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসেনি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। তবে সমবায় অধিদপ্তরের কর্মচারীদের ৪র্থ কিস্তির অগ্রিম জিপিএফ মঞ্জুরিসহ অন্যান্য জিপিএফ মঞ্জুরীর ক্ষমতা অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ কর্তৃক জারিকৃত আদেশ নং-০৭.০০০০.১৫১.২২.০০৩.১৫.৩৫১(১), তারিখ ১৬.০৮.২০১৫ খ্রি: মূলে মন্ত্রণালয়/বিভাগসমূহের অধীনস্থ সংযুক্ত দপ্তরসমূহের নিকট আর্থিক ক্ষমতা অর্পণের আদেশ জারির পর উক্ত আদেশ মোতাবে দপ্তর প্রধান হিসেবে সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ে যাবতীয় আর্থিক ব্যয়ের ক্ষমতা গত ০৪.০১.২০২৩ তারিখে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরকে অর্পণ করা হয়েছে। |
| ১৫। | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের লাম্পগ্র্যান্ট, অবসর ও পিআরএল | আবেদন পর্যালোচনাপূর্বক লাম্পগ্র্যান্ট, অবসর ও পিআরএল মঞ্জুর | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে ০৩টি আবেদন প্রাপ্তির পর তা যথাসময়ে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিস্পত্তি করা হয়েছে। |
| ১৬। | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের আনুতোষিক ও পেনশন মঞ্জুর | নির্ধারিত ফরমে প্রাপ্ত আবেদন পর্যালোচনাপূর্বক আনুতোষিক ও পেনশন মঞ্জুর | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে ৩টি আবেদন প্রাপ্তির পর তা যথাসময়ে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিস্পত্তি করা হয়েছে। |
| ১৭। | সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের পদ সৃজন/পদ বিলুপ্তি | সংস্থা প্রধানের পূর্নাঙ্গ প্রস্তাবের প্রেক্ষিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ । | সমবায় অধিদপ্তরের আওতাধীন সুনামগঞ্জ জেলার নবসৃষ্ট ‘মধ্যনগর’ উপজেলায় পদ সৃজনের যথাযথ নিয়ম অনুসরণ করে গত ০৯.০৩.২০২৩ তারিখে অর্থ বিভাগের সম্মতির জন্য পত্র প্রেরণ করে বিষয়টি নিস্পত্তি করা হয়েছে। |
| ১৮। | সমবায় অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়ন/সংশোধন | আইন/ বিধি, সমঝোতা স্মারক/চুক্তি/ নীতিমালার খসড়ার উপর কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগে মতামত প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে নিয়োগ বিধি পরিবর্তনের জন্য কোন প্রস্তাব আসেনি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১৯। | (ক) সমবায় সমিতি আইন ও সংশোধনের নিমিত্তে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | আইন/ বিধি, সমঝোতা স্মারক/চুক্তি/ নীতিমালার খসড়ার উপর কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগে মতামত প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) যুগোপযোগী করার লক্ষ্যে সমবায় সমিতি (সংশোধন) আইন, ২০২২ এর উপর মতামতের জন্য গত ১৩.০৯.২০২২ তারিখে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ এবং সাধারণ জনগণের জন্য মতামতের জন্য এ বিভাগে ওয়েব-সাইটে প্রকাশ করা হয়। মতামত প্রাপ্তির পর তা সমন্বয় করে গত ২৯.০৩.২০২৩ |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | তারিখ আন্ত:মন্ত্রণালয় সভার মাধ্যমে খসড়া চূড়ান্ত করা হয়েছে যা শীঘ্রই পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নথিতে উপস্থাপন করা হবে। |
| | (খ) সমবায় বিধিমালা লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ | আইন/ বিধি, সমঝোতা স্মারক/চুক্তি/ নীতিমালার খসড়ার উপর কমিটির সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সংস্থা/বিভাগে মতামত প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসেনি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ২০। | সমবায় অধিদপ্তরের যানবাহন ক্রয়ের প্রশাসনিক মঞ্জুরি/ অনুমোদন | সংগঠন ও সরঞ্জাম (TO&E) তালিকায় প্রস্তাবিত যানবাহনের সংস্থান সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসেনি বিধায় তা উপস্থাপন করা হয়নি। |
| ২১। | সমবায় অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত যানবাহন মেরামতের প্রশাসনিক অনুমোদন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সংশ্লিষ্ট নীতিমালা/পরিপত্র অনুযায়ী ব্যবস্থা গ্রহণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে ০৪টি গাড়ী মেরামতের প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিস্পত্তি করা হয়েছে। |
| ২২। | সমবায় অধিদপ্তরের অকেজো যানবাহন কনডেম ঘোষণা ও নিলামে বিক্রির অনুমতি প্রদান | কনডেমনেশন কমিটির সভার সুপারিশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ব্যবস্থা গ্রহণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব আসেনি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ২৩। | সমবায় অধিদপ্তরের ১০ম গ্রেড হতে ৯ম গ্রেডের পদে পদোন্নতির প্রস্তাব প্রক্রিয়াকরণ ও বিপিএসসিতে প্রেরণ | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে পদোন্নতি অনুমোদন। | সমবায় অধিদপ্তরের আওতাধীন ১০ম গ্রেডভুক্ত (২য় শ্রেণি) পদ হতে বিসিএস (সমবায়) ক্যাডারভুক্ত ০৯ম গ্রেড (১ম শ্রেণি) পদে সহকারী নিবন্ধক ০৬টি, গবেষণা কর্মকর্তা ০১টি ও পরিসংখ্যানবিদ ০১টি অর্থাৎ মোট ০৮টি পদের প্রস্তাব সমবায় অধিদপ্তর হতে গত ২৩.০৩.২০২৩ তারিখে এ বিভাগের প্রেরণ করলে পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি)'তে গত ২৯.০৩.২০২৩ তারিখে প্রেরণ করা হয়। |
| ২৪। | সমবায় অধিদপ্তরের ১৬তম/১৩তম গ্রেড হতে ১০ম গ্রেডের পদে পদোন্নতির প্রস্তাব প্রক্রিয়াকরণ ও বিপিএসসিতে প্রেরণ | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে পদোন্নতি অনুমোদন। | সমবায় অধিদপ্তরের আওতাধীন ১০ম গ্রেডভুক্ত (২য় শ্রেণি) পদ হতে বিসিএস (সমবায়) ক্যাডারভুক্ত ০৯ম গ্রেড (১ম শ্রেণি) পদে সহকারী নিবন্ধক ০৬টি, গবেষণা কর্মকর্তা ০১টি ও পরিসংখ্যানবিদ ০১টি অর্থাৎ মোট ০৮টি পদের প্রস্তাব সমবায় অধিদপ্তর হতে গত ২৩.০৩.২০২৩ তারিখে এ বিভাগের প্রেরণ করলে পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (বিপিএসসি)'তে গত ২৯.০৩.২০২৩ তারিখে প্রেরণ করা হয়। |
| ২৫। | সমবায় অধিদপ্তরের জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান। | প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হয়। | সেবা প্রদান প্রতিশ্রুতি ৩য় ত্রৈমাসিকে সমবায় অধিদপ্তর হতে কোন প্রস্তাব পাওয়া যায়নি বিধায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ২৬। | দপ্তর/সংস্থাসমূহের এপিএ প্রণয়নে সহায়তা | ক) দপ্তর/সংস্থা কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী প্রেরণকৃত এপিএ প্রতিবেদন এবিভাগ কর্তৃক পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করা হয়। | যথারীতি করা হয়ে থাকে। |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | খ) সফ্টওয়্যারে এন্টি প্রদান ও দাখিল করা হয়। | |
| ২৭। | দপ্তর/সংস্থাসমূহের এপিএ বাৎসরিক অগ্রগতি মূল্যায়নে সহায়তা | দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক দাখিলকৃত সফ্টওয়্যার প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনাপূর্বক চূড়ান্ত মূল্যায়ন করে দপ্তর/সংস্থার প্রাপ্ত নম্বর মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | ১৫ জুলাই,২০২২ তারিখে দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক ২১-২২ অর্থবছরের দাখিলকৃত প্রতিবেদন মূল্যায়ন সম্পন্ন করা হয়েছে। |
| ২৮। | পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) এবং বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এর পরিচালন ব্যয়ের বরাদ্দকৃত অর্থ ছাড়করণ | প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থ ছাড় করা হয়। | পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ার ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রশাসনিক আদেশ গত ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে জারি করা হয়েছে।<br>বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লার ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রশাসনিক আদেশ গত ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে জারি করা হয়েছে।<br>বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এর ৩য় কিস্তির অর্থ ছাড়ের প্রশাসনিক আদেশ গত ২২ মার্চ ২০২৩ তারিখে জারি করা হয়েছে। |
| ২৯। | পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড) এবং বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড) এর কর্মকর্তাদের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জিও জারি করা হয়। | পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ)-০১, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড)-০২ এবং বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড)-০১ সর্বমোট ০৪ জন কর্মকর্তার বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৩০। | মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নিধারিত ছকে এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহের কার্যাবলি সম্পর্কিত মাসিক প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩১। | প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি/নির্দেশনার প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয় এবং একই সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দিষ্ট সফট ওয়ারে এন্ট্রি দেয়া হয়। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এ বিভাগ সংশ্লিষ্ট প্রতিশ্রুতি এবং নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সমন্বয় করে প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয়। একই সাথে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্ধারিত আইপি এড্রেসে আপলোড করা হয়। |
| ৩২। | জিআরএস প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নিধারিত ছকে এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়।<br>প্রতিমাসের ১৫ তারিখের মধ্যে এ বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হতে প্রাপ্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সংক্রান্ত মাসিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৩। | গণশুনানীর প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নিধারিত ছকে এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহের গণশুনানী সংক্রান্ত মাসিক প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৪। | অনিষ্পন্ন পেনশন কেস সংক্রান্ত প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করা হয় | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নিধারিত ছকে এ বিভাগের দপ্তর/সংস্থাসমূহের অনিষ্পন্ন পেনশন কেস সংক্রান্ত মাসিক প্রতিবেদন সমন্বয় করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৫। | বিদেশী দূতাবাস সংক্রান্ত | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | বিদেশী দূতাবাস/মিশন এবং বিদেশী সাহায্য সংস্থা কর্তৃক আয়োজিত কোনো অনুষ্ঠানে এ বিভাগের |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | প্রতিবেদন | করা হয়। | সচিব মহোদয়ের যোগদান সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসের ১০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৬। | জেলা প্রশাসক সম্মেলন এর সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | প্রতিমাসের ১০ তারিখের মধ্যে জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত এ বিভাগ সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৭। | মন্ত্রিপরিষদ বিভাগের বার্ষিক প্রতিবেদন | প্রতিমাসের রিপোর্ট তৈরি করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের নিধারিত ছকে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যাবলি সংক্রান্ত প্রতিবেদন সমন্বয়পূর্বক বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। |
| ৩৮। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বার্ষিক প্রতিবেদন | এ বিভাগ, আওতাধীন সকল দপ্তর/সংস্থা, সকল মন্ত্রণালয়, সকল বিশ্ববিদ্যালয়, সকল জেলা প্রশাসক এর কার্যালয় | এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থা/প্রকল্প/ফাউন্ডেশন/ ফেডারেশনের গুরুত্বপূর্ণ কার্যাবলি, সাফল্য, অর্জন, গবেষণা, উদ্ভাবন এবং প্রকাশনার তথ্য ছবি সম্বলিত বার্ষিক প্রতিবেদন প্রকাশ করে এ বিভাগের সকল শাখা, সকল দপ্তর/সংস্থা, সকল মন্ত্রণালয়, সকল বিশ্ববিদ্যালয়, সকল জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়। এতদ্ব্যতীত এ বিভাগের ওয়েব সাইটে আপলোড করা হয়। |
| ৩৯। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ),ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড এর যাবতীয় প্রশাসনিক /সংস্থাপন কার্যক্রম | ক) সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব অত্র শাখায় প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় পরীক্ষান্তে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হয়।<br>খ) অন্যান্য সকল বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পত্র/মঞ্জুরি আদেশ জারি করা হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা), পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেডসহ অন্যান্য সকল প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত প্রস্তাবসমূহ এর আলোকে প্রশাসনিক নির্দেশনা/মঞ্জুরি আদেশ জারি করা হয়েছে। |
| ৪০। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)- এর পরিচালন ব্যয়ের বরাদ্দকৃত অর্থ ছাড়করণ | মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় মন্ত্রণালয়/বিভাগের আওতাভুক্ত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে কর্তৃপক্ষের অনুমোদনক্রমেপরিচালন ব্যয়ের অর্থ ছাড়ের আদেশ জারি করা হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড-এর ২০২২-২৩ অর্থবছরের বাজেটে সহায়তা কার্যক্রম মঞ্জুরি খাতে পরিচালন ব্যয় বাবদ বরাদ্দকৃত ২৯০,১৩,০০,০০০.০০ (দুইশত নব্বই কোটি তেরো লক্ষ) টাকার মধ্যে ৩য় কিস্তি বাবদ ৭২,৫৩,২৫,০০০.০০ (বাহাত্তর কোটি তিপান্ন লক্ষ পঁচিশ হাজার) টাকা ছাড় করা হয়েছে (জারি নং-৪৪ তারিখ: ১২/০২/২০২৩)। |
| ৪১। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কর্মকর্তাদের বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর | স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জিও জারি করা হয়। | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র ৫(পাঁচ) জন কর্মকর্তার চিকিৎসা ও ওমরা হজ্জ -এর উদ্দেশ্যে বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৪২। | বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা ও পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া এবং বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | জানুয়ারি-মার্চ, ২০২৩ পর্যন্ত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা হতে জনবল নিয়োগের কোন প্রস্তাব পাওয়া যায়নি। |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | উন্নয়ন একাডেমি (বাপার্ড) কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের জনবল নিয়োগ সংক্রান্ত কার্যক্রম; | | |
| ৪৩। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত কার্যাদি; | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | গত ০১/০২/২০২৩ তারিখে "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পে প্রেষণে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়। |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৪। | উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি | অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ থাকা সাপেক্ষে অর্থ বিভাগের নির্ধারিত সংলগ্নী মোতাবেক মন্ত্রণালয়ে প্রস্তাব পাওয়ার পর বিভাজন আদেশ জারীসহ অর্থ অবমুক্তি করা হয়। | জানুয়ারি-মার্চ, ২০২৩ পর্যন্ত নিম্মোক্ত ছকে উল্লেখিত প্রকল্প সমূহের অনুকূলে অর্থ ছাড় করা হয়েছেঃ (লক্ষ টাকায়) |

| ক্র: নং | | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ১। | পউসবি | "সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)-৩য় পর্যায় (১মসংশোধিত)" শীর্ষক প্রকল্প | ৯১৫.৩৬ |
| ২। | সমবায় অধিদপ্তর | "বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প" শীর্ষক প্রকল্প | ৬৫৩.২৫ |
| ৩। | | "দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায় কার্যক্রম বিস্তৃতকরণ "শীর্ষক প্রকল্প | ২৬২.৬০ |
| ৪। | বিআরডিবি | ''দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায়" শীর্ষক প্রকল্প | ১৩৬৪.৬১ |
| ৫। | | "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি শীর্ষক প্রকল্প | ৯৬৩.৭৮ |
| ৬। | | গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ শীর্ষক প্রকল্প | ২৭৪.৬৫ |
| ৭। | | অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩য় পর্যায় শীর্ষক প্রকল্প | ১১৪৯.২১ |
| ৮। | আরডিএ, বগুড়া | "মেকিং মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা যমুনা, পদ্মা এবং তিস্তা চরস (এমফোরসি) মার্কেটস ওয়ার্ক | ৮৩.৭৫ |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | (see table below) |

| | | | |
|---|---|---|---|
| | | ফর দ্যা যমুনা, পদ্মা এবং তিস্তা চরস (এমফোরসি)” শীর্ষক প্রকল্প | |
| ৯। | | “শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠাকরণ” শীর্ষক প্রকল্প | ২৯.০০ |
| ১০। | | “কুড়িগ্রাম ও জামালপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠির দারিদ্র্য হ্রাসকরণ (২য় সংশোধিত) ” শীর্ষক প্রকল্প। | ১১১৮.৮৯ |
| ১১। | বার্ড, কুমিল্লা | “বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী আধুনিকায়ন” শীর্ষক প্রকল্প। ১ম কিস্তি | ৩০৫.৫০ |
| ১২। | এস এফডি এফ | ২০৪১ রুপকল্প“: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজনশীর্ষক প্রকল্প ” | ১৯০৬.১৮ |
| | | **সর্বমোট** | ৯০২৬.৭৮ |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | অর্থ বিভাগের সম্মতি প্রয়োজন হলে অর্থ বিভাগে প্রেরণ এবং সম্মতিসাপেক্ষে অর্থ অবমুক্ত করা হয়। | জানুয়ারি-মার্চ, ২০২৩ মেয়াদে ১। গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ খাতের অর্থ, অর্থ বিভাগের সম্মতিক্রমে গত ১১/০১/২০২৩ খ্রি. তারিখে ছাড় করা হয়েছে। ২। "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচী (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ খাতে অর্থ বরাদ্দের প্রস্তাব গত ০৭/০৩/২০২৩ খ্রি. তারিখে এবং ৩। "অংশীদারিত্বমূলক পল্লী উন্নয়ন প্রকল্প-৩ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণ খাতে অর্থ বরাদ্দের প্রস্তাব গত ১৩/০৩/২০২৩ খ্রি. তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়। তবে অদ্যাবধি অর্থ বিভাগের সম্মতি না পাওয়ায় প্রশিক্ষণ খাতে চাহিত অর্থ অবমুক্ত করা হয়নি। |
| ৪৫। | উন্নয়ন প্রকল্পের আওতায় দরপত্র মূল্যায়ন কমিটি গঠন ও দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন অনুযায়ী প্রক্রিয়াকরণ এবং কার্যক্রম গ্রহণ। | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | জানুয়ারি-মার্চ, ২০২৩ পিডিবিএফ) কর্তৃক বাস্তবায়নাধীন "আলোকিত পল্লী সড়কবাতি" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদন এবং আরডিএ কর্তৃক বাস্তবায়িত "শেখ জহুরুল হক পল্লী উন্নয়ন একাডেমী, যশোর প্রতিষ্ঠাকরণ" শীর্ষক প্রকল্পের দরপত্র মূল্যায়ন কমিটিতে কর্মকর্তা মনোনয়ন। |
| ৪৬। | এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য মাসিক সভা; | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | প্রতিমাসের ২য় বুধবার এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা জন্য মাসিক সভা অনুষ্ঠিত হয়ে থাকে। গত ১৫-০৩-২০২৩ খ্রি. তারিখে ২০২২-২৩ অর্থ বছরের এডিপিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের ফেব্রুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৪৭। | বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | সময়সীমার মধ্যে বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন করা হয়ে থাকে। |
| ৪৮। | উন্নয়ন প্রকল্পের প্রকাশনা ও অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত বিষয়াবলি | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | সময়সীমার অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত বিষয়াবলি করা হয়ে থাকে। |
| ৪৯। | আইএমইডি/পরিকল্পনা কমিশন/প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য দপ্তরের জন্য এডিপি সংক্রান্ত প্রতিবেদন/ সার-সংক্ষেপ প্রণয়ন | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | প্রতি মাসের প্রথম সপ্তাহে বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের প্রতিবেদন প্রেরণ করা হয়ে থাকে। গত ০৭-০৩-২০২৩ খ্রি. তারিখে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের ফেব্রুয়ারি, ২০২৩ মাস পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি তথ্য আইএমইডিতে প্রেরণ করা হয়েছে। |
| ৫০। | সামাজিক নিরাপত্তা বেস্টনী সম্পর্কিত কার্যাবলি | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | যথাসময়ে করা হয়ে থাকে। |
| ৫১। | পার্বত্য চট্টগ্রাম জেলাসমূহের সামাজিক উন্নয়ন ও উৎপাদনমূখী কর্মসংস্থান সংক্রান্ত; | দপ্তর/সংস্থা কর্তৃক প্রেরিত প্রস্তাব প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক সেবা প্রদান করা হয়ে থাকে। | বিভিন্ন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়ন রিপোর্ট এ বিভাগে প্রেরণ করা হয়ে থাকে। |

## অভ্যন্তরীণ সেবা:

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের শ্রান্তি বিনোদন ছুটি/ মাতৃত্বকালীন ছুটি/ অসাধারণ ছুটি/ অর্জিত ছুটি/ চিকিৎসা ছুটি/ শিক্ষা ছুটি মঞ্জুর | ছুটি বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত ছুটির আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে যাচিত ছুটি অনুমোদন। | আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ০৩ জন-কে শ্রান্তি বিনোদন ছুটি প্রদান করা হয়। ০১ জনকে মাতৃত্বকালীন ছুটি প্রদান করা হয় |
| ২। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর | আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। তাছাড়া, সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুষঙ্গিক নির্দেশনা অনুসরণীয়। | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ৩। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মচারিদের পদোন্নতির প্রজ্ঞাপন/ আদেশ জারি | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে পদোন্নতি অনুমোদন। | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ৪। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারিদের সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুর | আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়।□ | আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে ০১ জন কর্মকর্তা/কর্মচারীর ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুর করা হয় |
| ৫। | পাসপোর্টের জন্য অনাপত্তি প্রদান | সেবা প্রত্যাশীকে পত্র মারফত ই-মেইলে জানিয়ে দেয়া হয়। | ০২ জন কর্মকর্তা-কে পাসপোর্টের জন্য আনাপত্তি প্রদান করা হয়েছে। |
| ৬। | চাকরি স্থায়ীকরণ (নন ক্যাডার) | প্রশাসন শাখায় রক্ষিত ডাটাবেইজ ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে শাখার উদ্যোগে আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা আনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি। | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ৭। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের মটরযান ক্রয় অগ্রিম মঞ্জুর | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে যাচিত অগ্রিম মঞ্জুর অনুমোদন। | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |

| ক্রমিক | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৮। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কোটাভুক্ত বাসা এ বিভাগের কর্মকর্তা/কর্মচারী ও সমবায় অধিদপ্তরের কর্মচারীদের অনুকূলে বরাদ্দ প্রদান | বাসা খালি থাকা সাপেক্ষে আবেদন আহবান করা হয়। প্রাপ্ত আবেদনের পরিপ্রেক্ষিতে এ বিভাগের বাসা বরাদ্দ কমিটির সভায় বাংলাদেশ বরাদ্দ বিধিমালা, ১৯৮২ অনুযায়ী গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে বরাদ্দপত্র ইস্যু করা হয়। | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ৯। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বিদেশ সফর/প্রশিক্ষণ এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও সভায় অংশগ্রহণের অনুমতি/মনোনয়ন প্রদান | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কর্মকর্তা/কর্মচারীবৃন্দের বিদেশ সফর/প্রশিক্ষণ এবং অভ্যন্তরীণ বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও সভায় অংশগ্রহণের বিষয়ে যাচাই-বাছাইপূর্বক অনুমতি/মনোনয়ন প্রদান করা হয়। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সর্বমোট ৬৮ (আটষট্টি) জনকে বিদেশ সফর/প্রশিক্ষণ এ মনোনয়ন প্রদান করা হয় এবং দেশের অভ্যন্তরে ১৫৯ (একশত উনষাট) জন-কে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও সভায় অংশগ্রহণের মনোনয়ন প্রদান করা হয়। |
| ১০। | মন্ত্রণালয়ের প্রাধিকারভুক্ত কর্মচারীদের দাপ্তরিক/ আবাসিক টেলিফোন মঞ্জুরী | কর্মচারীগণের আবেদনের পরিপেক্ষিতে অগ্রাধিকার প্রাপ্যতা অনুযায়ী সেবা প্রদান করা হয়। | ০১ জন কর্মকর্তার অনুকূলে ০১ টি দাপ্তরিক টেলিফোন মঞ্জুর করা হয় |
| ১১। | মন্ত্রণালয়ের কর্মচারীদের পিআরএল/পেনশন সেবা প্রদান | নির্ধারিত ফরমে আবেদনের পরিপ্রেক্ষিতে সেবা প্রদান করা হয়। পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ অনুযায়ী পেনশন আবেদনের সংশোধিত ফরম ও সনদসমূহ এবং তথ্য সংরক্ষণের অন্যান্য ছকের ওয়েব লিংক https://mof.gov.bd/site/page/95868a3c-bd76-42ed-a018-d69fd2550e62 | ৩য় ত্রৈমাসিকে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ১২। | দাপ্তরিক টেলিফোন নতুন সংযোগ প্রদান সংক্রান্ত। | বিধিমালা অনুযায়ী আবেদনকারী হতে প্রাপ্ত আবেদনের (যথাযথ কর্তৃপক্ষের সুপারিশক্রমে) প্রেক্ষিতে টেলিফোন নতুন সংযোগ অনুমোদন। | ০১ টি নতুন সংযোগ প্রদান করা হয় |
| ১৩। | বিভিন্ন বিজ্ঞপ্তি,আরএফকিউ,টেন্ডার, অফিস আদেশ/নোটিশ ওয়েবসাইটে প্রকাশ | মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/অধিশাখা হতে বিভিন্ন বিজ্ঞপ্তি, অফিস আদেশ/নোটিশ মন্ত্রণালয়ের আইসিটি ও ইনোভেশন শাখায় প্রেরণ করা হলে তা জরুরী ভিত্তিতে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। | বিভিন্ন বিজ্ঞপ্তি,আরএফকিউ,টেন্ডার, অফিস আদেশ/নোটিশ ওয়েবসাইটে প্রতিনিয়ত প্রকাশ করা হয়ে থাকে। |

# সমবায় অধিদপ্তর

## সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা,২০২২-২৩ এর ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি,২৩ –মার্চ,২৩) পরিবীক্ষণ প্রতিবেদন

## ১) নাগরিক সেবা

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১. | ক) একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা প্রদান | ১.নিবন্ধন আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা গ্রহণ<br>২.প্রত্যেক সদস্যের কমপক্ষে একটি শেয়ার ও একটি শেয়ারের সমপরিমাণ সঞ্চয় সমিতিতে জমা প্রদান।<br>৩.সদস্য বহিতে সদস্যগণের নাম লেখা ও স্বাক্ষর গ্রহণ, জমা-খরচ বহি, শেয়ার ও সঞ্চয় খতিয়ান,সাধারণ খতিয়ানে শেয়ার, সঞ্চয়, ভর্তি ফি, অন্যান্য আয়-ব্যয় লেখা<br>৪.আবেদনকারীগণ কর্তৃক (কমপক্ষে ২০জন) সাংগঠনিক সভাকরণ, সভায় সমিতির নাম, সভ্য নির্বাচনী এলাকা ও কর্ম এলাকা নির্ধারণ, অনুমোদিত শেয়ারের পরিমাণ নির্ধারণ, কমিটি সদস্য সংখ্যা (৬/৯/১২) নির্ধারণ, আবেদনপত্র দাখিল ও অন্যান্য কাজে অফিসের সাথে যোগাযোগের জন্য তিনজন সদস্যকে ক্ষমতা প্রদান করতে হবে।<br>৫.সাংগঠনিক সভায় সমিতির জন্য প্রযোজ্য উপ-আইন অনুমোদন, আয়-ব্যয় বা জমা-খরচ হিসাব অনুমোদন, পরবর্তী দুই বছরের বার্ষিক বাজেট অনুমোদন<br>৬.স্থানীয় মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অফিস ঘর ভাড়া সংক্রান্ত প্রত্যয়ন।<br>৭.সকল সদস্যের (কমপক্ষে ২০জন) স্বাক্ষরিত আবেদন পত্র পূরণ করে দাখিল করা। আবেদনে সংগঠক ও ক্ষমতাপ্রাপ্তদের নাম স্বাক্ষর থাকতে হবে।<br>৮.নিবন্ধন ফি ৩০০ টাকা এবং ভ্যাট ১৫% চালানের মাধ্যমে জমা প্রদান<br>৯.চেক লিস্ট মোতাবেক কাগজপত্র সংযুক্ত করা<br>১০. উপজেলা সমবায় অফিসে দাখিল।<br>একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কর্মএলাকা বিশিষ্ট প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ১৮ (আঠার) বছর বয়সের উর্ধ্বে কমপক্ষে ২০ (বিশ)জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা,২০১৩ অনুযায়ী উপজেলা/থানা সমবায় অফিসে দাখিলের পর উক্ত আবেদনপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শক দ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা/থানা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি আবেদনকারীর রেকর্ডপত্র সুপারিশসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। অনুরূপভাবে জেলা সমবায় অফিসার বিভাগীয় যুগ্মনিবন্ধক বরাবর, আবেদন যথাযথ থাকলে বিভাগীয় যুগ্মনিবন্ধক সুপারিশসহ অগ্রায়ন করবেন নিবন্ধক ও মহাপরিচালক বরারব। নিবন্ধনের বিষয়ে নিবন্ধক আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-আইনসহ যাবতীয় রেকর্ডপত্র নিবন্ধন প্রদান করে নিবন্ধন সনদ ইস্যু করেন। এবং এক প্রস্ত নিবন্ধন সনদ ও এককপি নিবন্ধিত উপ-আইন আবেদনকারীকে দিবেন।<br><br>১১. সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রত্যাখান হলে- নিবন্ধক ও মহাপরিচালক বরাবর- পুনর্বিবেচনার জন্য ৩০দিনের মধ্যে-ধারা ১০ | ক্যাডার অফিসার্স কো-অপারেটিভ সোসাইটি লিঃ নামে একটি সমবায় সমিতি নিবন্ধন সম্পন্ন করা হয়েছে।<br>সমিতির রেজিঃ নম্বর-সঅ-০১; তারিখ: ২৩-০২-২০২৩খ্রি. |
| ২. | খ) একাধিক বিভাগ | একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায় সমিতি/ জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য সাধারণ | এ সংক্রান্ত ৩য় ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায় সমিতি/ জাতীয় সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা প্রদান | জনগণ সরাসরি আবেদন করতে পারে না। এক্ষেত্রে কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন পেতে কমপক্ষে ১০ (দশ) টি প্রাথমিক এবং জাতীয় সমবায় সমিতি নিবন্ধনের জন্য কমপক্ষে ১০ (দশ) টি কেন্দ্রীয় সমবায় সমিতি একত্রিত হয়ে বিধি মোতাবেক নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হয়।<br>ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিগণ কর্তৃক নিবন্ধনের আবেদন সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা, ২০১৩ অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় কার্যালয়ে দাখিল করতে হয়। উপজেলা/ মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর অগ্রায়ন করেন। জেলা সমবায় অফিসার নিজে সরেজমিন যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র বিভাগীয় যুগ্মনিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। অনুরূপভাবে বিভাগীয় যুগ্মনিবন্ধক সুপারিশসহ নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করবেন।<br>আবেদনপত্র প্রাপ্তির পর নিবন্ধক ও মহাপরিচালকের বিবেচনায় সমিতিটি নিবন্ধনযোগ্য হলে নিবন্ধন প্রদান এবং নিবন্ধন সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংশ্লিষ্ট অফিস ও আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ৩. | একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী প্রাথমিক সমবায়/একাধিক বিভাগ ব্যাপী বা দেশব্যাপী কেন্দ্রীয় সমবায়/জাতীয় সমবায় সমিতির উপ-আইন সংশোধনে সহযোগিতা প্রদান | ১. উপ-আইনের সংশোধনযোগ্য অনুচ্ছেদ বা বিধান চিহ্নিতকরণ<br>২. ব্যবস্থাপনা কমিটির সভায় অনুচ্ছেদ/অনুচ্ছেদসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন<br>৩. উপ-আইন সংশোধনের উদ্দেশ্যে আহৃত সংখ্যাগরিষ্ট সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সাধারণ সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে অনুমোদন।<br>৪. বিধি ৯(২) এর ফরম-৪ অনুযায়ী আবেদন<br>৫. বিদ্যমান প্রতিস্থাপনযোগ্য এবং প্রস্তাবিত (নতুন) বিধানসমূহের তুলনামূলক বিবরণী।<br>৬. সংশোধনের যৌক্তিকতা ও প্রয়োজনীয়তা ব্যাখ্যা।<br>৭. বাতিলযোগ্য উপ-আইনের কপি সম্পূর্ণ।<br>৮. প্রতিস্থাপনযোগ্য নতুন উপ-আইন তিন প্রস্ত।<br>৯. সর্বশেষ অডিট প্রতিবেদনের কপি।<br>১০. ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন<br>১১. সাধারণ সভার রেজুলেশন।<br>১২. নিবন্ধন ফি জমা প্রদান।<br>১৩. নির্ধারিত ফর্মে আবেদন দাখিল<br><br>ব্যবস্থাপনা কমিটির তিনজনের স্বাক্ষরে আবেদন সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসে দাখিল করার পরে উপজেলা/মেট্রোপলিটন থানা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। জেলা সমবায় অফিসার নিজে সরেজমিনে যাচাইপূর্বক পরিদর্শন মন্তব্যসহ দাখিলকৃত আবেদন ও রেকর্ডপত্র যুগ্ম নিবন্ধক বরাবর অগ্রায়ন করেন। অনুরূপভাবে যুগ্মনিবন্ধক সুপারিশসহ নিবন্ধক ও মহাপরিচালক বরাবর অগ্রায়ন করবেন।<br>আবেদন প্রাপ্তির পর নিবন্ধকের বিবেচনায় সমিতির উপ-আইন সংশোধনযোগ্য হলে উপআইন সংশোধন নিবন্ধন করে সংশোধিত উপআইন এবং নিবন্ধন সনদ আবেদনকারীর নিকট প্রেরণ করেন। | ১. দি সেন্ট্রাল এসোসিয়েশন অব খ্রিস্টান কো-অপারেটিভ লিঃ মূল নিবন্ধন নং-০৫, তারিখ: ১৯-০৭-২০১২ (সংশোধিত), নিবন্ধন নং-সঅ ০১ (আইন), তারিখ-০৫-০১-২০২৩ এ ০২টি উপ আইন সংশোধন করা হয়েছে। |
| ৪. | জাতীয় সমবায় সমিতির বার্ষিক বাজেট অনুমোদন গ্রহণে সহায়তা প্রদান | ১.সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট প্রস্তুত ও প্রাক্কলন প্রণয়নের জন্য ব্যবস্থাপনা কমিটির একজন সদস্যকে প্রধান করে (কমপক্ষে ৩সদস্য বিশিষ্ট) একটি “বাজেট প্রণয়ন কমিটি” গঠন করা।<br>২.গঠিত কমিটি সমিতির চলতি বৎসরের প্রকৃত আয়-ব্যয়ের ভিত্তিতে পরবর্তী বৎসরের জন্য একটি বাজেট প্রাক্কলন প্রস্তুত করা।<br>৩.প্রস্তুতকৃত বাজেটে কমিটির সকল সদস্য স্বাক্ষর করে ব্যবস্থাপনা কমিটির সভাপতি বরাবর উপস্থাপন করা। | ১. সোনার বাংলা সমবায় কটন মিলস লিঃ এর ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব বাজেট (সম্পূরক) এবং ২০১৮-২০২২ অর্থবছরের ব্যয় উত্তরবাজেট অনুমোদন দেয়া হয়েছে। (এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩০.৪১.০৬৮.৮০.২২ তারিখ |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
| --- | --- | --- | --- |
| | | ৪.বাজেট কমিটি কর্তৃক প্রস্তুতকৃত বাজেট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ (খাতওয়ারী ব্যয়, বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা, বিস্তারিত ব্যয় বিভাজন ও প্রমাণসহ)।<br>৫.ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত বাজেট সমিতির বার্ষিক সাধারণ সভায় (ক্ষেত্রমত সাধারণ সভায়) উপস্থাপন ও অনুমোদন গ্রহণ।<br>৬.যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সে সকল সমবায় সমিতির বার্ষিক বাজেট সাধারণ সভায় অনুমোদনের পর নিবন্ধক এর নিকট হতে অনুমোদন গ্রহণের জন্য দাখিল করা।<br>৭.বাজেট প্রস্তাব ছক মোতাবেক প্রস্তুত করতে হবে। ছকে বিগত বছরের অনুমোদন, চলতি বৎসরে ১ম ৯ মাসের প্রকৃত ব্যয়, পরবর্তী বৎসরের প্রস্তাব সংক্রান্ত তথ্য থাকবে।<br>বাজেট সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়ঃ<br>**জাতীয় সমবায় সমিতি বাজেট**<br>সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে এমন জাতীয়, একাধিক বিভাগব্যাপী কেন্দ্রীয় এবং দেশব্যাপী প্রাথমিক সমবায় সমিতির বার্ষিক সাধারণ সভায় অনুমোদিত প্রাক্কলিত বাজেট নিবন্ধক ও মহাপরিচালকের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করলে যাচাই-বাছাই পূর্বক দ্বিপাক্ষিক সভার সিদ্ধান্তক্রমে নিবন্ধকের অনুমোদনের পর তা সমিতির নিকট প্রেরণ করা হয়। | ২০.০৩.২০২৩)<br>২. বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্ক ইউনিয়ন) এর ২০২১-২০২২ অর্থবছরের সম্পূরক বাজেট, ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব ও মূলধন বাজেট গো-খাদ্য কারখানার (লাহিড়ীমোহনপুর) ২০২১-২২ অর্থবছরের সম্পূরক বাজেট, ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত রাজস্ব ও মূলধন বাজেট মহিষ প্রজনন কেন্দ্র (রায়পুর ও টেকেরহাট) এর ২০২১-২২ অর্থবছরের সম্পূরক বাজেট এবং ২০২২-২০২৩ অর্থবছরের রাজস্ব ও মূলধন বাজেট এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৩৭.৪১.১৯৮.১৩ তারিখ ০৬.০৩.২০২৩ মূলে অনুমোদন দেয়া হয়েছে। |
| ৫. | বিনিয়োগ প্রস্তাব/প্রকল্প প্রস্তাব/ক্রয় প্রস্তাব অনুমোদন গ্রহণে সহযোগিতা প্রদান | নিম্নে বর্ণিত ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদনের জন্য-<br>১. বিনিয়োগ প্রস্তাব, ক্রয় প্রস্তাব বা প্রকল্প প্রস্তাব তৈরি করা<br>২. প্রস্তাবের প্রাক্কলন তৈরিতে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ এর অনুমোদন গ্রহণ<br>৩. বিনিয়োগ/প্রকল্প এলাকার কর্তৃপক্ষের অনুমোদন (প্রযোজ্য ক্ষেত্রে- ভবন নির্মাণে পৌরসভা/সিটি কর্পোরেশন এর এবং কলকারখানার ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র/সম্মতিপত্র গ্রহণ<br>৪. এ খাতে বাজেটে অর্থসংস্থান সংক্রান্ত কাগজ সংগ্রহ<br>৫. উপযুক্ত প্রকৌশলী দ্বারা স্থাপত্য নক্সা তৈরি<br>৬. জমির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ (প্রযোজ্য ক্ষেত্রে)।<br><br>কোন সমিতির যদি সরকারী শেয়ার, ঋণ বা ঋণ পরিশোধের গ্যারান্টি থাকে তবে বার্ষিক বাজেট অনুমোদন করার পরও জাতীয় সমিতির ক্ষেত্রে একক খাতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ, ১০ লক্ষ টাকার বেশি মূল্যের যন্ত্রপাতি, উপকরণ বা যানবাহন ক্রয় বা কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে নিবন্ধকের পৃথক অনুমোদন গ্রহণ করতে হয়। সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর, পিপিএ) অনুসরণপূর্বক ক্রয়/নির্মাণ কাজ সম্পাদন করতে হব। আবেদন পাওয়ার পর প্রস্তাবিত প্রকল্প/বিনিয়োগ যাচাই বাছাইপূর্বক অনুমোদন করে অনুমোদিত কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | ১.বাংলাদেশ সমবায় শিল্প সংস্থা লীঃ এর প্রস্তাবিত ২৩ নং ১ম শ্রেণির ১৫০০০ বর্গফুট আয়তনের তুলা/সূতার গুদাম নির্মাণের প্রকল্প অনুমোদন সংক্রান্ত দাখিলকৃত কাগজপত্র যাচাই-বাছায়ের কাজ চলমান রয়েছে।<br>২. এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৯.৪১.০০২.২১.২৪ তারিখ ৩১-০১-২০২৩ মূলে মিল্ক ইউনিয়ন এর ঢাকা দুগ্ধ কারখানার গভীর নলকুপ স্থাপন কাজের জন্য সর্বমোট ৬৯,৬৩,০০২.২৬ লক্ষ টাকা পূর্বানুমোদন করা হয়েছে।<br>৩. এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৯.৪১.০০২.২১.২৩ তারিখ ০২-০২-২০২৩ মূলে মিল্ক ইউনিয়ন এর ১/২ কেজি মিষ্টি দধির প্লাস্টিক কন্টেনার ৬৫.০৫ লক্ষ টাকা, ১/২ কেজি মিষ্টি দধির প্লাস্টিক কন্টেনার ৬৬.০৬ লক্ষ টাকা, ২৫০ মি.লি. লাবাং বোতল ক্রয়ের জন্য ১,১৮,৮৭,৪০০ টাকা এবং ৩ লক্ষ কেজি প্রিন্টেড পলিফ্লিম ১১,৫৩,৫০,৩০০ টাকা ক্রয়ের পূর্বানুমোদন করা হয়েছে।<br>৪. এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০২৯.৪১.০০২.২১.২৬২ তারিখ ৩০-০৩-২০২৩ মূলে মিল্ক ইউনিয়ন বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানার এ টাইপ অফিসার্স কোয়ার্টার মেরামত করার জন্য ৬২,৫০,১৩৮.৬৬ টাকা পূর্বানুমোদন প্রদান করা হয়েছে। |
| ৬. | নির্বাচন কমিটি নিয়োগে | ১. বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি তার নিজের মেয়াদের শেষদিন চিহ্নিতকরণ।( কমিটি যে তারিখে ১ম সভা | |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | সহযোগিতা প্রদান | করেছে তিন বছর পর ঐ তারিখের আগের দিন মেয়াদের শেষ দিন হবে।)<br>২. মেয়াদ শেষ হওয়ার আগেই নির্বাচন অনুষ্ঠানে তারিখ ধার্যকরণ। ( তারিখে অবশ্যই নিজ মেয়াদের মধ্যে হবে।)<br>৩. বিদ্যমান সদস্য তালিকার ভিত্তিতে খসড়া ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশ।<br>৪. ধার্য তারিখের কমপক্ষে ৬০দিন আগে নোটিশ জারীকরণ।<br>৫. নোটিশের কপি সকল সদস্যকে প্রাপ্তি নিশ্চিতকরণ।("সার্টিফিকেট অব পোস্টিং বা রেজিস্ট্রি ডাক/রেজিস্টারে প্রাপ্তি স্বাক্ষর গ্রহণ/ইমেইল/স্থানীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন" যে কোন দুটি মাধ্যমে)<br>৬. ৬০দিনে পূর্বেই নোটিশের কপি সংশ্লিষ্ট সমবায় অফিসে দাখিল।(নোটিশের সাথে খসড়া তালিকাসহ, উপরি উক্ত সিদ্ধান্তসহ ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন সংযুক্ত)<br>৭. ব্যাপক প্রচার করতে হবে।(এলাকায় মাইকের মাধ্যমে এবং জাতীয় সমিতির ক্ষেত্রে বহুল প্রচারিত ১ম শ্রেণির জাতীয় দৈনিক পত্রিকায়)<br>৮. নির্বাচন কমিটি নিয়োগের জন্য নির্বাচনের ঘোষিত তারিখের কমপক্ষে ৪৫ দিনে পূর্বে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর আবেদন দাখিল (আবেদনের সাথে নির্বাচনী নোটিশ, খসড়া ভোটার তালিকা সংযুক্ত)।<br>৯. নিবন্ধক কর্তৃক ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি নিয়োগ<br>সমবায় সমিতি আইন,২০০১(সংশোধিত ২০০২ ও ২০১৩) অনুযায়ী সমবায় সমিতির নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর। ফলে মেয়াদ পূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করা হয়। নির্বাচনের ৪৫ দিন পূর্বে জাতীয় সমবায় সমিতি কর্তৃক নিবন্ধক ও মহাপরিচালক বরাবর নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিটি গঠনের জন্য আবেদন করতে হয়। দাখিলকৃত আবেদনপত্র কর্তৃপক্ষ যাচাইবাচাইপূর্বক নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০ দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ জারি করেন | |
| ৭. | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন | ১. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিজের মেয়াদ গণনা করা।<br>২. মেয়াদের মধ্যে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে মেয়াদ পূর্তির আগে অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য আবেদন করা।<br>৩. সাধারণ সভায় কমিটি ভেঙ্গে দেওয়া হলে এবং<br>৪. কমিটির সকল সদস্য এক সাথে পদত্যাগ করলে (যদি কোরাম সংখ্যক সদস্য বহাল না থাকে) তবে ভেঙ্গে যাওয়া কমিটির সভাপতির আবেদন করা।<br>সমবায় সমিতি আইন অনুযায়ী প্রতিটি সমবায় সমিতির নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ (তিন) বছর, নিবন্ধনকালীন নিয়োগকৃত ১ম ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ২ (দুই) বছর এবং অন্যান্য কমিটি (অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি)'র মেয়াদ ১২০ দিন। ফলে মেয়াদপূর্তির পূর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহণ করতে হয়। কিন্তু ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদকালের মধ্যে নির্বাচন অনুষ্ঠান করতে না পারলে ব্যবস্থাপনায় শূন্যতা সৃষ্টি হয়। ব্যবস্থাপনায় শূন্যতা সৃষ্টির আগেই (মেয়াদ শেষের কমপক্ষে ১০দিন পূর্বে) অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের অনুরোধ করে নিবন্ধক বরাবর আবেদন দিতে হয়। আবেদন পাওয়া গেলে অথবা আবেদন পাওয়া না গেলেও সমিতির ব্যবস্থাপনা কমিটির মেয়াদ পূর্তির পর সমিতির ব্যবস্থাপনা পরিচালনার জন্য ১২০ দিনের জন্য একটি অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়। | |
| ৮. | বিরোধ মামলা ও আপীল নিষ্পত্তি | যে যে ক্ষেত্রে সমবায় অফিসে বিরোধ মামলা-আপীল করা যাবে<br>১. জাতীয় সমিতির সদস্য পদ বহাল বা বাতিল সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির আদেশের বিরুদ্ধে- নিবন্ধক বরাবর- আপীল-বিধি ১০/ধারা ৫০<br>২. ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্তি বা বাতিল বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের বিরুদ্ধে-নিবন্ধক বরাবর- | কিংশুক বহুমুখী সমবায় সমিতি লিঃ এর প্রাক্তন সদস্য জনাব মেজর কবির আহমেদ মামমুদি (অবঃ) বাদী হয়ে উক্ত সমিতির প্রাক্তন সম্পাদক, জনাব মোঃ নাজমুল হুদাকে বিবাদী করে ৫০ ধারামতে ডিসপুট মামলা দায়ের করেন। |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | আপীল-বিধি ৩০(৫)<br>৩. নির্বাচনে প্রার্থিতা বাতিল বা বহাল রাখার বিষয়ে নির্বাচন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে-নিবন্ধক বরাবর-আপীল- তফসীল মোতাবেক(তালিকা প্রকাশের দুই কর্মদিবসের মধ্যে)-বিধি ২৯/ধারা ৫০(১)(ঙ)<br>৪. নির্বাচন অনুষ্ঠানের পরে নির্বাচনের ফলাফলে সংক্ষুব্ধ প্রার্থী-ফলাফল প্রকাশের ৩০দিনের মধ্যে-ধারা ৫০(১)(ঙ)<br>৫. আইনের ২২ ধারায় ব্যবস্থাপনা কমিটি ভেঙ্গে দেয়া বা কমিটির কোন সদস্যকে বহিষ্কার করা সংক্রান্ত বিভাগীয় যুগ্মনিবন্ধকের সিদ্ধান্তের বিরুদ্ধে-আপীল -আদেশ জারীর ৩০ দিনের মধ্যে-ধারা ২২(৫)<br>৬. বিভাগীয় যুগ্মনিবন্ধকের নিবন্ধন বাতিল আদেশ বা সমিতির অবসায়ন আদেশ বা যেকোন নির্বাহী আদেশের বিরুদ্ধে - আদেশ জারীর ৩০ দিনের মধ্যে-বিধি ১১৯(৪)<br>৭. সমবায় সমিতির কার্যক্রম সংক্রান্ত যে কোন বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর-বিরোধ মামলা-বিরোধের কারণ উদ্ভব হওয়ার পরবর্তী ১৮০দিনের মধ্যে-ধারা ৫০<br>৮. বিরোধ মামলা-আপীল মামলা সাদা কাগজে বা ননজুডিশিয়াল স্ট্যাম্পে ১০০ টাকার কোর্ট ফি যুক্ত করে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর বাদীর নাম, বিবাদীর নাম, মামলার বিষয় ও মামলার দফাওয়ারি আরজি, আবেদনকারীর স্বাক্ষর করে জমা প্রদান<br>নিবন্ধক মামলটি গ্রহণ করে নিজে শুনানীর জন্য গ্রহণ করবেন অথবা সালিশকারী নিয়োগ করবেন। এ বিরোধ মামলায় আইনজীবী নিয়োগ নিষিদ্ধ। | উক্ত ডিসপুট মামলায় সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক মহোদয় সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ১১১ (৩) বিধির ক্ষমতাবলে জনাব কাজী মেসবাহ উদ্দিন আহমেদ (অতি.নি.) (ইপিপি) (অ.দা.) সমবায় অধিদপ্তর, ঢাকাকে এর সালিশকারী কর্মকর্তা নিয়োগ করেন। সালিশকারী কর্মকর্তা সমবায় আইন ও বিধি মোতাবেক বিগত ১৪.১২.২০২২ খ্রি. তারিখে সালিশের রায় প্রদান করেন।<br>এছাড়াও ২টি বিরোধ মামলা এবং ১৫টি আপীল আবেদন নিষ্পত্তি করা হয়েছে। |
| ৯. | অভিযোগ প্রতিকারে সহযোগিতা প্রদান | ১. অনলাইন/অফলাইনে অভিযোগ পত্র<br>২.অভিযোগ পত্রে স্বাক্ষর ও তারিখ।<br>(সমিতির মোট সদস্যের কমপক্ষে ১০% সদস্যের স্বাক্ষর অথবা সমিতির ব্যবস্থাপনা কমিটির মোট সদস্যের তিন ভাগের একভাগ সদস্যের স্বাক্ষর থাকবে)<br>১.নিবন্ধক বরাবর দাখিল<br>২.অডিট প্রতিবেদনে গুরুতর অনিয়ম ও আইন লংঘনের বিষয় উল্লেখ থাকলে সে প্রতিবেদনের রেফারেন্স ব্যবহার করে আবেদন করতে পারবে।<br>৩.সমিতি যদি কোন অর্থ সরবরাহকারী সংস্থার সদস্য হয় তবে ঐ অর্থ সরবরাহকারী সংস্থার লিখিত অভিযোগের প্রেক্ষিতে<br>৪.মাঠ পর্যায়ের কোন কর্মকর্তা তদন্তের সুপারিশের প্রেক্ষিতে<br>অভিযোগ প্রাপ্তির পর নিবন্ধক কর্তৃক ধারা ৪৯ মোতাবেক তদন্তের আদেশ দেয়া হয়, তদন্তকর্মকর্তা নিয়োগ দেয়া হয় এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।<br><br>সমিতির কার্যক্রম ব্যতীত অন্যান্য বিষয়ে যে কোন ব্যক্তি সাদা কাগজে লিখিতভাবে নূর মোহাম্মদ মামুন, উপ নিবন্ধক প্রশাসন, অভিযোগ নিষ্পত্তি অফিসার অভিযোগ করতে পারবে। | ১.জনাব নিজামউদ্দিন গং কর্তৃক শাহজালাল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ কানাইঘাট সিলেট এর অমৎস্যজীবী সকল সদস্য চিহ্নিতকরণ সংক্রান্ত অভিযোগটি জেলা সমবায় অফিসার সুনামগঞ্জ কর্তৃক তদন্ত করতঃ নিষ্পত্তি করা হয়েছে।<br>২. জনাব মোঃ শাহিনুজ্জামান, সহকারী পরিদর্শক, মুজিবনগর, মেহেরপুর ও জনাব ভূরেন্দ্রনাথ মৈত্র, ািফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, মেহেরপুর সদর এর বিরদ্ধে তেরঘড়িয়া জলমহাল চাষের অভিযোগটি যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কাযালয়, খুলনা কর্তৃক তদন্তকরত নিষ্পত্তি করা হয়েছে। |
| ১০. | অবসায়ন প্রদান | ১. অবসায়নের উদ্দেশ্যে বিশেষ সাধারণ সভা আহবান(পনের দিন পূর্বে নোটিশ দিয়ে, নোটিশে আলোচ্যসূচিতে অবসায়নের সিদ্ধান্ত গ্রহণের বিষয়টি উল্লেখ থাকবে)<br>২. সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যের মতে সমিতি অবসায়নের সিদ্ধান্ত গ্রহণ।<br>৩. সাধারণ সভার সিদ্ধান্তের উল্লেখ করে সাদা কাগজে অবসায়নের আবেদন।<br>৪. নিবন্ধক সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়নের আদেশ দিবেন এবং একজন অবসায়ক নিয়োগ করবেন। | ১. কেনা তিতাস মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর অবসায়ন কাযক্রম সম্পন্নের জন্য এ দপ্তরের আদেশ নম্বর ২১, তারিখ ২৭-০২-২০২৩ খ্রি. মূলে নতুন অবসায়ক হিসেবে জনাব ফুল মিয়া, সহকারী পরিদর্শক, বিজয়নগর, ব্রাহ্মণবাড়ীয়াকে অবসায়ক নিয়োগ করা হয়েছে। তিনি স্মারক নম্বর-২০২, তারিখ ০৭-১১-২০২২ খ্রি. মূলে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছেন। উক্ত |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | এছাড়াও নিম্নলিখিত ক্ষেত্রে নিবন্ধক নিজ উদ্যোগে অবসায়ন আদেশ দিতে পারে<br>৫. সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদন বা ৪৯ ধারার অধীন অনুষ্ঠিত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে<br>৬. সমিতির পরপর তিনটি বার্ষিক সাধারণ সভায় যদি কোরাম না হয়<br>৭. সমিতি নিবন্ধিত হওয়া সত্ত্বেও যদি বিধি দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে উহার কার্যক্রম শুরু না করে<br>৮. সমিতির কার্যক্রম বিগত ০১ (এক) বছর যাবৎ বন্ধ থাকে<br>৯. পরিশোধিত শেয়ার মূলধন বা সঞ্চয় আমানত বিধি দ্বারা নির্ধারিত পরিমাণ (সাধারণত নিবন্ধনের জন্য প্রয়োজনীয়, বর্তমানে এ পরিমাণ ২০,০০০ টাকা) এর কম হয়ে যায়<br>১০. এই আইন বিধিমালা বা উপ আইনে উল্লিখিত নিবন্ধন সংক্রান্ত কোন শর্ত ভঙ্গ করা হয়।<br>আবেদন পাওয়া গেলে বা প্রযোজ্য ক্ষেত্রে স্ব-উদ্যোগে সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়ন আদেশ দেয়া হয় এবং অবসায়ক নিয়োগ করা হয়। অবসায়কের প্রতিবেদনের ভিত্তিতে নিবন্ধন বাতিল করা হয়। | প্রতিবেদন পযালোচনায় দেখা যায় নিবন্ধনকালীন সভাপতি সদস্যদের না জানিয়ে এবং কাল্পনিক তথ্য (জমা-খরচ ও ব্যাংক জমা) প্রদর্শন করে নিবন্ধন আবেদন করায় তার নিকট ব্যাখ্যা এবং সমবায় সমিতি বিধিমারা,২০০৪ (সংশোধিত ২০২০) এর ১২৬ বিধি অনুসরণ করা হয়েছে কি না তার ব্যাখ্যা চেয়ে বর্ণিত সমিতির অবসায়ক জনাব মোঃ ফুল মিয়া, সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, বিজয়নগর, ব্রাহ্মনবাড়ীয়াকে পত্র দেয়া হয়েছে। |
| ১১. | সমবায় সমিতির লভ্যাংশ বিতরণের অনুমতি প্রদান | কোন জাতীয় সমবায় সমিতি পরিশোধিত শেয়ারের ৭৫% পরিমাণ অর্থ অবন্টিত তহবিল হতে লভ্যাংশ হিসেবে সদস্যের মাঝে বিতরণ করতে পারবে। যদি অবন্টিত লাভ বেশি থাকে এবং সমিতি যদি ৭৫% এর বেশি বন্টন করতে চায় তবে নিবন্ধকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।<br>১. ব্যবস্থাপনা কমিটি অডিট প্রতিবেদনের ভিত্তিতে অবন্টিত লাভ থেকে কি পরিমাণ বন্টন করা যায় তা নির্ধারণ। (এ ক্ষেত্রে অবন্টিত লাভ থেকে বিগত বৎরের ক্ষতি বাদ দিয়ে হিসেব করতে হবে।)<br>২. সাধারণ সভা আহ্বান (১৫ দিনের নোটিশ দিয়ে)<br>৩. ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে বন্টনযোগ্য মুনাফার অনুমোদন গ্রহণ<br>৪. বন্টনযোগ্য লাভ যদি পরিশোধিত শেয়ারের ৭৫% এর বেশি হয় তবে-<br>৫. সাদা কাগজে নিবন্ধক বরাবর আবেদন দাখিল | ৩য় ত্রৈমাসিকে সমবায় সমিতির লভ্যাংশ বিতরণ করা হয়নি। |
| ১২. | সমবায় সমিতির নিরীক্ষ ফি মওকুফকরণ | ১. সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ<br>২. সাদা কাগজে আবেদন দাখিল<br>৩. আবেদনে মওকুফের যুক্তিযুক্ত কারণ উল্লেখকরণ | ৩য় ত্রৈমাসিকে কোন নিরীক্ষা ফি মওকুফ করা হয়নি। |
| ১৩. | বিরোধ মামলা-আপীলর প্রত্যায়িত নকল প্রদান | মামলার বাদী বা বিবাদী কোন পক্ষের সাদা কাগজে আবেদন<br>নিবন্ধক কর্তৃক নকলের ফি নির্ধারণ<br>নির্ধারিত ফি কোর্ট ফি আকারে জমা প্রদান | বিরোধ মামলার প্রত্যায়িত নকলের কোন আবেদন না আসায় নকল প্রদান করা হয়নি। |
| ১৪. | সরকারী দলিল পরিদর্শন | **পরিদর্শনের জন্য**<br>১. সাদা কাগজে আবেদন<br>২. কোর্ট ফি আকারে ১০০ টাকা জমা।<br>**যে সকল দলিল দেখা যাবে**<br>১. কোন সমবায় সমিতির নিবন্ধন সনদ<br>২. কোন সমবায় সমিতির উপ-আইন ও উহার সংশোধনীসমূহ<br>৩. কোন সমবায় সমিতির অবসায়নের আদেশ<br>৪. কোন সমবায় সমিতির নিবন্ধন বাতিলের আদেশ<br>তবে শর্ত থাকে যে, Evidence act 1872 এর section 123, 124,129 এবং 131 অনুযায়ী বিশেষ অধিকার সম্বলিত দলিলাদি পরিদর্শনযোগ্য হবে না। | ৩য় ত্রৈমাসিকে এ সংক্রান্ত কোন কাযক্রম গ্রহণ করা হয়নি। |
| ১৫. | বার্ষিক অডিট বরাদ্দ প্রদান (জাতীয় বা দেশব্যাপী সমবায়) | জাতীয় বা দেশব্যাপী সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভাপতি/সম্পাদক বা নির্বাহী কর্মকর্তার আবেদনের প্রেক্ষিতে নিবন্ধক কর্তৃক একজন সমবায় কর্মকর্তা বা কর্মচারির নামে অডিট বরাদ্দ প্রদান করা হয়।<br>তাছাড়াও প্রত্যেক জাতীয় বা দেশব্যাপী সমবায় সমিতির প্রতি সমবায় বর্ষের বার্ষিক অডিট নিবন্ধক নিজ | এ সংক্রান্ত কার্যক্রম বছরের শুরুতে সম্পন্ন করা হয়েছে। |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | উদ্যোগে বরাদ্দ প্রদান করেন | |
| ১৬. | অডিট ফি জমা গ্রহণ | ১. অডিট অফিসার কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবেদন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে অডিট ফি ও সিডিএফ নির্ধারণ<br>৪. বিধি ১০৭ মোতাবেক, অফিস থেকেই নির্ধারণ করা হয়ে থাকে।)<br>৫. অডিট ফি ট্রেজারী চালান কোড ১-৩৮৩১-০০০০-২০২৯ মাধ্যমে ব্যাংকে জমা প্রদান<br>৬. ট্রেজারি চালানের কপি উপজেলা সমবায় অফিসে জমা প্রদান<br>৭. সিডিএফ এর টাকা ডিডি আকারে-বা অনলাইনে বাংক হিসাব নং এ জমা প্রদান | |
| ১৭. | সিডিএফ জমা গ্রহণ | ১. অডিট অফিসার কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবেদন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে সিডিএফ নির্ধারণ<br>৪. ধারা ৩৪(১)(গ) মোতাবেক নীট লাভের ৩%, অফিস থেকেই নির্ধারণ করা হয়ে থাকে।)<br>৫. সিডিএফ এর টাকা ডিডি আকারে বা অনলাইনে বাংক হিসাব নং এ জমা প্রদান<br>৬. কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফান্ড (সঞ্চয়ী)০১০০০১৫৫৫৭৫৭০<br>৭. কো-অপারেটিভ ডেভেলপমেন্ট ফান্ড (চলতি) ০১০০০১৫২৮৭৮৩১ | চলতি ত্রৈমাসে ৬৫,২৩,৪৭১.০০ টাকা সমবায় উন্নয়ন তহবিলে জমা প্রদান করা হয়েছে। |
| ১৮. | (ক) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রদান। | সেবা প্রত্যাশীগণের নিকট হতে লিখিত বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে সুনির্দিষ্ট তথ্য চেয়ে আবেদন প্রাপ্তির পর যাচিত তথ্য সংরক্ষিত থাকলে তা কাঙ্খিত মাধ্যমে (ডাকযোগে বা ই-মেইলে) প্রদান করা যায়; তবে ইপ্সিত তথ্য অধীনস্থ কার্যালয় সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট কার্যালয় হতে সংগ্রহপূর্বক প্রদান করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির জন্য ১৯ (উনিশ) টি আবেদন পাওয়া গিয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে ১৯ (পাঁচ) টি আবেদন নিষ্পত্তি করা হয়েছে। |
| ১৯. | সমবায় অধিদপ্তর এবং আওতাধীন কার্যালয়ের সেবা বিষয়ক যে কোন অভিযোগ গ্রহণ | নির্ধারিত ফরমে অনলাইনে Grievance Redress System বা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পদ্ধতিতে সরাসরি আবেদন করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ডাকযোগে বা ই-মেইলে অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়। | |
| ২০. | সমবায় সংক্রান্ত প্রকাশনা | সেবা গ্রহীতার আবেদন নথিতে উপস্থাপন এবং অনুমোদন গ্রহণ | |

| ক্র:নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | (খ) তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রাপ্তির আপিল অভিযোগ | সেবা প্রত্যাশীগণের নিকট হতে লিখিত বা ইলেকট্রনিক মাধ্যমে বা ই-মেইলে সুনির্দিষ্ট তথ্য চেয়ে আবেদন প্রাপ্তির পর যাচিত তথ্য সংরক্ষিত থাকলে তা কাঙ্খিত মাধ্যমে (ডাকযোগে বা ই-মেইলে) প্রদান করা যায়; তবে ইপ্সিত তথ্য অধীনস্থ কার্যালয় সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট কার্যালয় হতে সংগ্রহপূর্বক প্রদান করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী চলতি ত্রৈমাসে ০১টি আপিল আবেদন পাওয়া যায় এবং নির্ধারিত সময়ের মধ্যে সমবায় অধিদপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.২২.০০২.২৩.১১ তারিখ-০৯.০২.২০২৩ মূলে নিষ্পত্তি করা হয়েছে। |
| ২১. | সমবায় অধিদপ্তর এবং আওতাধীন কার্যালয়ের সেবা বিষয়ক যে কোন অভিযোগ গ্রহণ | নির্ধারিত ফরমে অনলাইনে Grievance Redress System বা অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা পদ্ধতিতে সরাসরি আবেদন করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয় এবং ডাকযোগে বা ই-মেইলে অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়। | পূর্বের জের এবং ৩য় ত্রৈমাসিকে প্রাপ্ত অভিযোগসহ সর্বমোট ১৯টি অভিযোগের মধ্যে ৩য় ত্রৈমাসিকে ৫টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। |

## ২.২) প্রাতিষ্ঠানিক সেবা

| ক্র:ন: | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | বাংলাদেশ সমবায় একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি অনুমোদন | ১. বাংলাদেশ সমবায় একাডেমি কর্তৃক প্রশিক্ষণ বর্ষপঞ্জির আবেদন।<br>২. নথিতে উপস্থাপন এবং নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক অনুমোদন। | বৎসরের শুরুতে বর্ষপঞ্জি অনুমোদন করা হয়েছে। |
| ২. | বাংলাদেশ সমবায় একাডেমির প্রশিক্ষণ বাজেট অনুমোদন | ১. বাংলাদেশ সমবায় একাডেমি কর্তৃক প্রশিক্ষণ বাজেটের আবেদন।<br>২. নথিতে উপস্থাপন এবং নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক অনুমোদন। | বৎসরের শুরুতে প্রশিক্ষণ বাজেট অনুমোদন করা হয়েছে। |
| ৩. | বাংলাদেশ সমবায় একাডেমির প্রশিক্ষণ বর্ষপঞ্জি বহির্ভূত নতুন কোর্সের বাজেট অনুমোদন | ১. বাংলাদেশ সমবায় একাডেমি কর্তৃক প্রশিক্ষণ বর্ষপঞ্জি বহির্ভূত নতুন কোর্স ও বাজেটের আবেদন;<br>২. নথিতে উপস্থাপন এবং নিবন্ধক ও মহাপরিচালক কর্তৃক অনুমোদন। | এ দপ্তরের স্মারক নং-৪৭.৬১.০০০০.০৪৭.২৯.০২১.১৬.০৮ তারিখ ১৪-০৩-২০২৩ খ্রি. তারিখ মূলে বাংলাদেশ সমবায় একাডেমি, কুমিল্লার সংশোধিত কোর্স ্ওবং বিভাগিত বাজেট অনুমোদন করা হয়েছে। |
| ৪. | উন্নয়ন প্রকল্পের অনুমোদিত জনবল নিয়োগ | ১.প্রকল্প দপ্তর কর্তৃক প্রাপ্ত প্রকল্পের অনুমোদিত জনবলের পদ সৃজন;<br>২. জনবল নিয়োগের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ। | ‘ দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ে কার্যক্রম সম্প্রসারণ’ শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপিতে অনুমোদিত জনবলের জন্য পদ সৃজন ও ২০২২-২৩ অর্থবছরের জন্য পদ সংরক্ষণ আদেশ জারির নিমিত্ত ০২-০৩-২০২৩ খ্রি. তারিখে ৪৭.৬১.০০০০.০৫০.১৪.০০৫.২২.৪১ নং সূত্রস্থ স্মারক মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৫. | উন্নয়ন প্রকল্পের পদ সংরক্ষণ | প্রতি বছর জুলাই মাসে প্রকল্পের অনুমোতিদ জনবলের পদ সংরক্ষণ আদেশ জারীর জন্য প্রকল্প দপ্তর হতে প্রাপ্ত | ‘ দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ে কার্যক্রম |

| | | | |
|---|---|---|---|
| | | প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ | সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপিতে অনুমোদিত জনবলের জন্য পদ সৃজন ও ২০২২-২৩ অর্থবছরের জন্য পদ সংরক্ষণ আদেশ জারির নিমিত্ত ০২-০৩-২০২৩ খ্রি. তারিখে ৪৭.৬১.০০০০.০৫০.১৪.০০৫.২২.৪১ নং সূত্রস্থ স্মারক মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৬. | উন্নয়ন প্রকল্পের অর্থ অবমুক্তি | অনুমোদিত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ থাকা সাপেক্ষে অর্থ বিভাগের নির্ধারিত সংলগ্নী মোতাবেক প্রকল্প পরিচালক কর্তৃক প্রস্তাব পাওয়ার পর অর্থ অবমুক্তির জন্য তা মন্ত্রণালয়ে অগ্রায়ন। | ' দুগ্ধ ও মাংস উৎপাদনের মাধ্যমে গ্রামীণ কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে যশোর ও মেহেরপুর জেলায় সমবায়ের কার্যক্রম বিস্তৃতকরণ' শীর্ষক প্রকল্পটির অনুকূলে ২০২২-২০২৩ অর্থবছরের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য় কিস্তির ২৬২.০০ (দুই কোটি বাষট্টি লক্ষ ষাট হাজার) টাকা অবমুক্তির জন্য ১৩-০৩-২০২৩ খ্রি. তারিখে ৪৭.৬১.০০০০.০৫০.১৪.০০১.২২.৩৩ নং সূত্রস্থ স্মারক মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। |
| ৭. | সংশোধিত প্রকল্প প্রক্রিয়াকরণ | প্রযোজ্য ক্ষেত্রে প্রকল্প অফিস হতে সংশোধিত প্রকল্প প্রস্তাব প্রাপ্তির পর তা মন্ত্রণালয়ে অগ্রায়ন | 'বঙ্গবন্ধুর গণমূখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডের গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক পাইলট প্রকল্প এর ১ম সংশোধনী প্রস্তাবের উপর ২৩- |

| | | | |
|---|---|---|---|
| | | | ০৩-২০২৩ খ্রি. তারিখের ডিপিইসি সভার কার্যবিবরনীর সিদ্ধান্ত মতে বিভিন্ন খাতে ব্যয় বৃদ্ধি ও হ্রাস করে সংশোধিত ব্যয় ৫৬৫৬.৪০ লক্ষ (মূল ডিপিপির ১৩.২৭%) বৃদ্ধি করে প্রকল্পের ১ম সংশোধনী অনুমোদনের সুপারিশ করা হয়েছে। |
| ৮. | পিআইসি সভা আহবান | প্রকল্প পরিচালকের প্রস্তাবের প্রেক্ষিতে পিআইসি সভা আহবানের নিমিত্ত মন্ত্রণালয়ে অগ্রায়ন করা। | চলতি ত্রৈমাসে পিআইসি সভা আহবান করা হয়নি। |
| ৯. | বাংলাদেশ সমবায় একাডেমি ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয়ে এপিএ প্রণয়নে সহায়তা | ১. বাসএ ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী প্রেরণকৃত এপিএ প্রতিবেদন প্রধান কার্যালয় কর্তৃক পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করা হয়।<br>২. সফ্‌টওয়্যারে এন্টি প্রদান ও দাখিল করা হয়। | - |
| ১০. | বাংলাদেশ সমবায় একাডেমি ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয়ের এপিএ অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান। | বাংলাদেশ সমবায় একাডেমি ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক দাখিলকৃত সফটওয়্যার প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনা পূর্বক ফিডব্যাক প্রদান করা হয়। | বিগত ১২-০৮-২০২৩ খ্রি. তারিখে নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাঠ কার্যালয়গুলোকে এপিএ ষান্মসিক অগ্রগতি প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করা হয়েছে। |
| ১১. | বাংলাদেশ সমবায় একাডেমি ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয়ের এপিএ বাৎসরিক অগ্রগতি মূল্যায়নে সহায়তা। | বাংলাদেশ সমবায় একাডেমি ও ৮টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক দাখিলকৃত সফটওয়্যার প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় পর্যালোচনাপূর্বক চূড়ান্ত মূল্যায়ন করে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়। | - |

| | | | |
|---|---|---|---|
| ১২. | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক উৎপাদিত পণ্যসামগ্রীর মান সম্পর্কিত চাহিত তথ্য | ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্ধারিত ছকে চাহিত বিভিন্ন সমবায় সমিতির উৎপাদিত দ্রব্যসামগ্রী ও সেবার পরিমাণ ও মূল্য প্রেরণ | - |
| ১৩. | বাংলাদেশ ব্যাংক কর্তৃক চাহিত তথ্য | বাৎসরিক ক্যালেন্ডার বর্ষপঞ্জি অনুযায়ী বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারিত ছকে সমবায় সমিতি সংক্রান্ত সকল তথ্য প্রেরণ। | - |
| ১৪. | সমবায় অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | সমবায় অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, বিবিএস, আইএমএফ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়; বিভিন্ন মন্ত্রণালয়, জাতীয় সংসদ ইত্যাদি। | সমবা অফিধদপ্তরের বার্ষিক প্রতিবেদনের কপি এমআইএস শাখার স্মারক নং-৪৭.৬১.০০০০.০৪৪.৩৯.১১৩.০৩.০১ মূলে তারিখ ০১ জানুয়ারি ২০২৩ তারিখে বিভিন্ন দপ্তরে বিতরণ করা হয়েছে। |
| ১৫. | বাংলাদেশ পরিসংখ্যান শীর্ষক প্রকাশনা তথ্য প্রেরণ | বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্ধারিত ছকে চাহিত তথ্য প্রক্রিয়া এবং প্রেরণ; | বিগত ০১ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি. তারিখে এমআইএস শাখার স্মারক নং-৪৭.৬১.০০০০.০৪৪.১৬.০০১.২১.৩১ মূলে বিবিএস এ বর্ষপঞ্জির তথ্য প্রেরণ করা হয়েছে। |

## ২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১. | উচ্চতর গ্রেড মঞ্জুরি **(২য়/৩য়/৪র্থ শ্রেণির জন্য)** | ১. একই পদে চাকরির ১০বৎসর পূর্তিতে ১ম এবং পরবর্তী ৬ বৎসর চাকরি পূর্তিতে ২য় উচ্চতর গ্রেড মঞ্জুর।<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল<br>আবেদন পাওয়ার পর জাতীয় পে-স্কেল ২০১৫ এর ৭ ধারা মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অফিস আদেশের মাধ্যমে। | ২য় শ্রেণির ০৮ জনের উচ্চতর গ্রেড মঞ্জুর করা হয়েছে। |
| ২. | উচ্চতর গ্রেড মঞ্জুরির আবেদন অগ্রায়ন | ১. একই পদে চাকরির ১০বৎসর পূর্তিতে ১ম এবং পরবর্তী ৬ বৎসর চাকরি পূর্তিতে ২য় উচ্চতর গ্রেড মঞ্জুর।<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন দাখিল | চলতি ত্রৈমাসে কোন আবেদন পাওয়া যায়নি। |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | (১ম শ্রেণির জন্য) | মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | |
| ৩. | চাকরি স্থায়ীকরণ (২য়/৩য়/৪র্থ শ্রেণির) | ১. চাকরি ২ বছর পূর্তি<br>২. মৌলিক প্রশিক্ষণ<br>৩. পেশাগত প্রশিক্ষণ সমাপ্তি<br>৪. কর্তৃপক্ষের মাধ্যম্যে আবেদন<br>আবেদন পাওয়ার পর সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সরকারি আদেশ জারি করা হয়। | ২য় শ্রেণির ০৭ জনের চাকরি স্থায়ীকরণের আদেশ প্রদান করা হয়েছে। |
| ৪. | চাকরি স্থায়ীকরণ (১ম শ্রেণির) | ১. চাকরি ২ বছর পূর্তি<br>২. বুনিয়াদি প্রশিক্ষণ সমাপ্তি<br>৩. পেশাগত প্রশিক্ষণ সমাপ্তি<br>৪. বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ<br>৫. কর্তৃপক্ষের মাধ্যম্যে আবেদন<br>মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | চলতি ত্রৈমাসে কোন ১ম শ্রেণির কোন চাকরি স্থায়ীকরণ করা হয়নি। |
| ৫. | শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুরি | ১. সর্বশেষ শ্রান্তি ও বিনোদন ছুটি ভোগের পর ৩ বছর পূর্তি<br>২. যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ<br>৩. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর শ্রান্তি ও বিনোদন ভাতা বিধিমালা, ১৯৭৯ অনুযায়ী নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | ১ম শ্রেণির ০২ জন, ৩য় শ্রেণির ১১ জন এবং ৪র্থ শ্রেণির ১৩ জনের শ্রান্তি ও বিনোদন ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৬. | অর্জিত ছুটি মঞ্জুরি (দেশের অভ্যন্তরে) | ১. যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়। | ৩য় শ্রেণির ০২ জনের অর্জিত ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ৭. | অর্জিত ছুটি মঞ্জুরি (বহিঃবাংলাদেশ) | ১. যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছুটির প্রাপ্যতার সনদ সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ অনুযায়ী নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত বিদেশ ভ্রমণের অনুমতি ও আনুসঙ্গিক নির্দেশনা অনুসরণীয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | ১ম শ্রেণির ০২ জন, ২য় শ্রেণির ১১ জন, ৩য় শ্রেণির ১৪ জন এবং ৪র্থ শ্রেণির ০৩ জনের অর্জিত ছুটি (বহিঃবাংলাদেশ) মঞ্জুর করা হয়েছে। |
| ৮. | মাতৃত্বকালীন ছুটি | ১. সন্তান প্রসবের সম্ভব্য তারিখ উল্লেখসহ ডাক্তারি সনদ সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর মাতৃত্বকালীন ছুটি বিএসআর, পার্ট-১ এর বিধি ১৯৭ এবং অর্থ মন্ত্রণালয় থেকে সময়ে সময়ে জারীকৃত পরিপত্র অনুযায়ী নিষ্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | চলতি ত্রৈমাসে কোন আবেদন পাওয়া যায়নি। |
| ৯. | অবসরোত্তর ছুটি (ছুটি নগদায়নসহ) | ৫৯ বছর পূর্তির ৩ মাস পূর্বে হিসাব রক্ষণ অফিস হতে ইএলপিসি সংগ্রহ<br>কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন | ১ম শ্রেণির ০১ জন, ২য় শ্রেণির ১০ জন, ৩য় শ্রেণির ০২ জন এবং ৪র্থ শ্রেণির ০৩ জনের |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | | আবেদন পাওয়ার পর অবসরউত্তর ছুটি সরকারি চাকরি আইন ২০১৮ অনুযায়ী নিস্পত্তি করে সরকারি আদেশ জারি করা হয়।<br>১ম শ্রেণির ক্ষেত্রে মন্ত্রণালয় হতে মঞ্জুর করা হয়। অত্র দপ্তর হতে আবেদন অগ্রায়ন করা হয়। | অবসরোত্তর ছুটি মঞ্জুর করা হয়েছে। |
| ১০. | সাধারণ ভবিষ্য তহবিল হতে অগ্রিম মঞ্জুরি | ১. সাধারণ ভবিষ্য তহবিলের জমার স্থিতিপত্র সংগ্রহ<br>২. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | ১.অগ্রিম উত্তোলনের সংখ্যা-০৪টি<br>২. অফেরৎযোগ্য অগ্রিম উত্তোলনের সংখ্যা-১৪টি<br>৩. চূড়ান্ত উত্তোলনের সংখ্যা-১১টি |
| ১১. | সাধারণ ভবিষ্যৎ তহবিল হতে অগ্রিম মঞ্জুরিকৃত অগ্রিমে কিস্তি বৃদ্ধি/কিস্তি বন্ধকরণ | ১. অগ্রিম মঞ্জুরির আদেশ গ্রহণ<br>২. বেতন হতে কর্তনের হিসাব সংগ্রহ<br>৩. কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পাওয়ার পর সাধারণ ভবিষ্য তহবিল বিধিমালা ১৯৭৯ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের (আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অনুযায়ী) সরকারি আদেশ জারি করা হয়। | চলতি ত্রৈমাসে সাধারণ ভবিষ্যৎ তহবিলে কিস্তি বৃদ্ধি/কিস্তি বন্ধকরণের কোন আবেদন পাওয়া যায়নি। |
| ১২. | টেলিফোন(দাপ্তরিক ও আবসিক) সংযোগ প্রদান | প্রাপ্যতা থাকা সাপেক্ষে সাদা কাগজে আবেদন<br>সমন্বিত সরকারি টেলিফোন নীতিমালা ২০০৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ | চলতি ত্রৈমাসে সাধারণ ভবিষ্যৎ তহবিলে কিস্তি বৃদ্ধি/কিস্তি বন্ধকরণের কোন আবেদন পাওয়া যায়নি। |
| ১৩. | গৃহনির্মাণ ঋণ মঞ্জুরি | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পর্যালোচনাপূর্বক প্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | ০১টি গৃহনির্মাণ ঋণ মঞ্জুরের নিমিত্ত আবেদন অগ্রায়ন করা হয়েছে। |
| ১৪. | মোটরযান ক্রয় অগ্রিম মঞ্জুরি | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পর্যালোচনাপূর্বকপ্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | মার্চ/২৩ ত্রৈমাসে মোটরযান ক্রয় অগ্রিম মঞ্জুর করা হয়নি। |
| ১৫. | কম্পিউটার ক্রয় অগ্রিম | কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>আবেদন পর্যালোচনাপূর্বকপ্রয়োজনে যাচাই পূর্বক মঞ্জুরি আদেশ জারি করা হয়। | মার্চ/২৩ ত্রৈমাসে কম্পিউটার ক্রয় অগ্রিম মঞ্জুরি করা হয়নি। |
| ১৬. | সরকারি বাসা বরাদ্দ আবেদন অগ্রায়ন | নির্ধারিত ফরমে কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>বাসা বরাদ্দ মন্ত্রণালয় থেকে বরাদ্দ প্রদান করা হয়। এ অফিস থেকে আবেদনপত্র অগ্রায়ন করা হয়। সরকারি বাসা বরাদ্দ নীতিমালা ১৯৮২ rules 1982) অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে বরাদ্দপত্র ইস্যু করা হয়। | মার্চ/২৩ ত্রৈমাসে সরকারি বাসা বরাদ্দের আবেদন পাওয়া যায়নি। |
| ১৭. | পেনশন আনুতোষিক মঞ্জুরি | পেনশন সহজিকরণ আদেশ ২০২০ অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ<br>কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত ফরমে আবেদন<br>প্রয়োজনীয় নথিপত্র এবং না-দাবী সনদপত্রসমূহ পযালোচনাপূর্বক মন্তণালয়ের অনুমোদন সাপেক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী বা মৃত কর্মচারির বৈধ উত্তরাধকিারীর অনুকূলে পেনশনের আদেশ জারি করা হয়। | ১. ১ম শ্রেণির ০২ জন কর্মকর্তার পেনশন ও আনুতোষিক মঞ্জুরির নিমিত্ত পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে অগ্রায়ন করা হয়েছে।<br>২. পারিবারিক পেনশন-০৩টি মঞ্জুর করা হয়েছে।<br>৩.২য় শ্রেণির ২৭টি পেনশন ও আনুতোষিক মঞ্জুর করা হয়েছে। |
| ১৮. | বৈদেশিক প্রশিক্ষণ আয়োজন | বৈদেশিক প্রশিক্ষণ সংক্রান্ত কমিটির বৈঠকে গৃহীত সিদ্ধান্ত | চলতি ত্রৈমাসে বৈদেশিক প্রশিক্ষণের |

| ক্র: নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| | (সিডিএফ অর্থায়নে) | | কোন অনুমতি প্রদান করা হয়নি। |
| ১৯. | দেশে/বিদেশে উচ্চ শিক্ষার জন্য অনুমতি প্রদান | ১. যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন<br>২. আবেদনপত্র যাচাই-বাছাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | চলতি ত্রৈমাসে দেশে/বিদেশে উচ্চ শিক্ষার অনুমতি প্রদান করা হয়নি। |
| ২০. | ৩য় ও ৪র্থ শ্রেণির নিয়োগ ও পদোন্নতি | নিয়োগের ক্ষেত্রে:<br>১. মঞ্জুরিকৃত মোট পদের তালিকা প্রস্তুত<br>২. শূন্য পদের তালিকা প্রস্তুত<br>৩. নির্ধারিত ফরমে ছাড়পত্রের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ<br>৪. ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নিয়োগ বিজ্ঞপ্তি জারি<br>৫. কোটা পদ্ধতি প্রণয়ন<br>৬. সরকারি পদ্ধতি অনুসরন করে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রদান<br>পদোন্নতির ক্ষেত্রে:<br>১. শূন্য পদের তালিকা প্রস্তুত<br>২. জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন<br>৩. ব্যবহারিকি পরিক্ষা গ্রহণ (প্রযোজ্য ক্ষেত্রে)<br>৪. ডিপিসি কর্তৃক পদোন্নতির সুপারিশ<br>৫. পদোন্নতির আদেশ জারি | মার্চ/২৩ ত্রৈমাসে নিয়োগ ও পদোন্নতি প্রদান করা হয়নি। |
| ২১. | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের পদোন্নতির প্রস্তাব প্রেরণ | ১. শূন্য পদের তালিকা প্রস্তুত<br>২. জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন<br>৩. পদোন্নতির যোগ্য/অভিজ্ঞতা অর্জন<br>৪. নির্ধারিত ফরম চাকরি বৃত্তান্ত পূরণ<br>৫. প্রশাসনিক মন্ত্রণালয়/পিএসসি'তে প্রস্তাব প্রেরণ | চলতি ত্রৈমাসে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে কর্মকর্তাদের পদোন্নতি প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়নি। |
| ২২. | সমবায় অধিদপ্তরের জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রস্তাব প্রেরণ | ১. শূন্য পদের তালিকা প্রস্তুত<br>২. মঞ্জুরিকৃত পদের জি.ও মোতাবেক<br>৩. নির্ধারিত ফরমে ছাড়পত্রের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ | চলতি ত্রৈমাসে নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রস্তাব প্রেরণ করা হয়নি। |
| ২৩. | পাসপোর্টের জন্য এনওসি প্রদান | নির্ধারিত ফরম পূরণপূর্বক নিজ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট দাখিল | ০৪ জনের পাসপোর্টের নিমিত্ত এনওসি প্রদান করা হয়েছে। |

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.brdb.gov.bd

## সিটিজেনস্ চার্টার এর ২য় ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন (জানুয়ারী-মার্চ/ ২০২৩)

১. ভিশন ও মিশন

ভিশন: মানব সংগঠন ভিত্তিক উন্নত পল্লী।

মিশন: স্থানীয় জনগোষ্ঠীকে সংগঠিত করে প্রশিক্ষণ, মূলধন সৃজন, আধুনিক প্রযুক্তি, বিদ্যমান সুযোগ ও সম্পদের সমন্বিত ব্যবস্থাপনার মাধ্যমে আত্মনির্ভরশীল পল্লী।

২. প্রতিশ্রুত সেবাসমূহ:

**২.১. নাগরিক সেবা:**

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | অগ্রগতি (জানুয়ারী-মার্চ/ ২০২৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | গণ শুনানীর আয়োজন। | সরাসরি জনঅবহিতকরণ সভার মাধ্যমে। | ৪টি গণ শুনানী অনুষ্ঠিত হয়েছে। এতে ৩৭ জনের আবেদন নিস্পত্তি হয়েছে। |
| ২ | তথ্য অধিকার আইনের আওতায় তথ্য প্রদান। | নাগরিক সেবা প্রত্যাশীদের নিকট হতে সরাসরি কিংবা ই-মেইলে এ আবেদনপত্র প্রাপ্তির পর চাহিত তথ্য এবং অন্য শাখা/প্রকল্প/কর্মসূচি সংশ্লিষ্ট হলে সংশ্লিষ্ট শাখা/প্রকল্প/কর্মসূচি হতে চাহিত তথ্য উভয়ই কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংগ্রহপূর্বক হাতে-হাতে, ডাকযোগে বা ই-মেইলের মাধ্যমে তথ্য প্রদান করা হয়। | তথ্য অধিকার আইনের আওতায় ০৮ জনকে তথ্য প্রদান করা হয়েছে। |

02/08/23
মোছাঃ সাজেদা খাতুন
সহকারী পরিচালক (মূল্যায়ন)
বিআরডিবি, ঢাকা।

02/08/23
ড. মোঃ জিয়াউর রশীদ
উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)
বিআরডিবি, ঢাকা।

২.২) প্রাতিষ্ঠানিক সেবা:

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | অগ্রগতি (জানুয়ারী-মার্চ/ ২০২৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | জনবলের পদ সৃজন | বিআরডিবি'র নতুন পদ সৃজনের জন্য জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয়ের নির্ধারিত চেকলিস্ট পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাধ্যমে প্রস্তাব প্রেরণ। | নবসৃষ্ট ০৩টি উপজেলায় (মাদারীপুরের ডাসার, সুনামগঞ্জের মধ্যনগর এবং কক্সবাজারের ঈদগাহ) বিআরডিবি'র কার্যক্রম চালুর নিমিত্ত পদ সৃজনের প্রস্তাব নিকারের সুপারিশ অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেছে। পরবর্তী কার্যক্রমের জন্য প্রস্তাব অর্থ মন্ত্রণালয়ে প্রেরনের প্রক্রিয়াধীন। |
| ২ | নিয়োগ | ক) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পত্রিকায়/ ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ।<br>খ) আবেদন প্রাপ্তির পর যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহণ এবং উত্তীর্ণ প্রার্থীদের নিয়োগ কমিটি কর্তৃক সুপারিশ।<br>গ) যথাযথ কর্তৃপক্ষের চূড়ান্ত অনুমোদনক্রমে পুলিশ ভেরিফিকেশন, মুক্তিযোদ্ধা সনদ যাচাই (প্রযোজ্য ক্ষেত্রে)।<br>ঘ) নিয়োগপত্র প্রদান। | ক) বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে<br>খ) কার্যক্রম চলমান<br>গ) কার্যক্রম চলমান<br>ঘ) ইউআরডিও পদের নিয়োগপত্র ইস্যু করা হয়েছে। |
| ৩ | জেলা ও উপজেলাসমূহের স্থাবর/ অস্থাবর সম্পত্তির রক্ষণাবেক্ষণ সংক্রান্ত সেবা | আবেদন প্রাপ্তি সাপেক্ষে মন্ত্রণালয়ের সাথে পত্র যোগাযোগের মাধ্যমে নিষ্পত্তি। | - পটুয়াখালীর কলাপাড়ার প্রয়োজনীয় মেরামত সম্পাদনের জন্য কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে সহযোগিতা প্রদানের জন্য জেলা প্রশাসক, পটুয়াখালী'কে অনুরোধ করা হয়েছে।<br>- কুমিল্লার লাকসাম উপজেলার পল্লী ভবন ও প্রশিক্ষণ হল এবং লক্ষীপুরের রায়পুর উপজেলার ভবন ব্যবহারের অনুপযোগী ও ঝুঁকিপূর্ণ হওয়ায় ডিসপোজালের অনুমোদনের জন্য সচিব, পউসবি'কে অনুরোধ করা হয়েছে। |
| ৪ | গাড়ি ক্রয় ও সরবরাহ | কর্তৃপক্ষের অনুমোদনক্রমে গাড়ি ক্রয়পূর্বক বিভিন্ন জেলা ও বিআরডিবি'র পরিবহন পুলে সরবরাহকরণ। | সরকারের ব্যয় সংকোচন নীতির কারণে গাড়ি ক্রয় ও সরবারাহ হয়নি। |
| ৫ | ব্যয় বিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ | জেলা, উপজেলা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান হতে ত্রৈ-মাসিক, ষাণ্মাষিক, নয়-মাসিক ও বার্ষিক ব্যয় বিবরণী সংগ্রহ, যাচাই-বাছাইপূর্বক একীভূতকরণ করে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ। | ১ম ষান্মাসিক ব্যয় বিবরণী করে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | অভ্যন্তরীণ নিরীক্ষা সম্পাদন | জেলা ও উপজেলা দপ্তরসমূহ এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীন নিরীক্ষাসূচি প্রণয়ন, নিরীক্ষা সম্পাদন, প্রতিবেদন প্রকাশ ও সংশ্লিষ্ট দপ্তরে নিরীক্ষা প্রতিবেদন প্রেরণ। | ১টি জেলাদপ্তর (গাইবান্ধা) ও ৭টি উপজেলাদপ্তর নিরীক্ষা সম্পাদন করা হয়েছে। এছাড়াও পূর্বে নিরীক্ষাকৃত ৩টি জেলাদপ্তর ও ১১টি উপজেলা দপ্তরে প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। |

০২/০৪/২৬<br>
মোছাঃ সাজেদা খাতুন<br>
সহকারী পরিচালক (মূল্যায়ন)<br>
বিআরডিবি, ঢাকা।

০৪/০৪/২৬<br>
ড. মোঃ জিয়াউর রশীদ<br>
উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)<br>
বিআরডিবি, ঢাকা।

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | অগ্রগতি (জানুয়ারী-মার্চ/ ২০২৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭ | অভ্যন্তরীণ নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি | অভ্যন্তরীণ নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে জেলা ও উপজেলা দপ্তর থেকে প্রাপ্ত বিএস জবাব ও যথাযথ প্রমাণকের ভিত্তিতে আপত্তি নিষ্পত্তি করা। | বিএস জবাব ও যথাযথ প্রমাণকের ভিত্তিতে ৩৬টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। |
| ৮ | স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি | এজি নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত নিরীক্ষা আপত্তির প্রেক্ষিতে জেলা, উপজেলা ও সদর দপ্তরের হিসাব শাখা থেকে প্রাপ্ত বিএস জবাব যাচাই-বাছাই পূর্বক স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে একীভুত বিএস জবাব প্রেরণ করা হয়। প্রয়োজনে নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করা হয়। | আলোচ্য ত্রৈমাসে কোন আপত্তি নিষ্পত্তি হয় নাই। |
| ৯ | এসএমই ঋণ কার্যক্রম মনিটরিং সংক্রান্ত সহায়তা | অনলাইন সফটওয়্যার/ টেলিফোনের মাধ্যমে। | এসএমই ঋণ কার্যক্রম সংক্রান্ত সকল তথ্য অনলাইনে আপডেট হচ্ছে। টেলিফোনে নিয়মিত তদারকি হচ্ছে। |
| ১০ | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন | ১) প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রশিক্ষণার্থী চাহিদা<br>২) অভ্যন্তরীণ সভায় আলোচনা ও সিদ্ধান্ত<br>৩) প্রশিক্ষণার্থী মনোনয়ন | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন করা হচ্ছে। আলোচ্য ত্রৈমাসে ২২০ জনকে মনোনয়ন দেয়া হয়েছে। |
| ১১ | বিদেশ প্রশিক্ষণের জন্য সরকারী আদেশ (জিও) জারী | মন্ত্রণালয় কর্তৃক প্রশিক্ষণে চুড়ান্ত মনোনয়নের পর জিও জারী এবং ডাক/ সরাসরি/ ইমেইল/ ওয়েবসাইটের মাধ্যমে অবহিতকরণ। | বিদেশ প্রশিক্ষণ নিমিত্ত কোন সরকারী আদেশ (জিও) জারী হয়নি। |
| ১২ | বিআরডিবি'র সুফলভোগীদের প্রশিক্ষণ | বিআরডিবি'র উপজেলা দপ্তরের মাধ্যমে সুফলভোগী নির্বাচন এবং জেলা দপ্তরের অনুমোদন গ্রহণ করে প্রশিক্ষণ প্রদান। | আলোচ্য ত্রৈমাসে ২০২০ জন কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১৩ | ইন-হাউজ প্রশিক্ষণ | সদর দপ্তর ও জেলা দপ্তরের মাধ্যমে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ইন-হাউজ প্রশিক্ষণ। | ৩৮০ জনকে ইন-হাউজ প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। |
| ১৪ | বিআরডিবি'র অভ্যন্তরীণ প্রশিক্ষণ | শুদ্ধাচার ও এপিএসহ বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান | ৬৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ১৫ | কর্মশালা, সেমিনার আয়োজন | কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মনোনয়ন প্রদানপূর্বক অংশগ্রহণের অনুরোধপত্র জারী। | ৭৬ জন অংশগ্রহণকারীকে অংশগ্রহণের জন্য ১টি অনুরোধপত্র জারী করা হয়েছে। |
| ১৬ | ইউসিসিএ'র অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুইটি প্রস্তাব অনুমোদন | ইউসিসিএর অবসরপ্রাপ্ত কর্মচারীর গ্রাচ্যুইটি আবেদন উপজেলা ও জেলার সুপারিশের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদন পত্র ডাকযোগে প্রেরণ | আবেদন না থাকায় ইউসিসিএ'র অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুইটি প্রস্তাব অনুমোদন হয়নি। |
| ১৭ | বিআরডিবিভুক্ত ইউসিসিএ এর অভিযোগ নিষ্পত্তি | উপজেলার আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | আলোচ্য ত্রৈমাসে অভিযোগ নিষ্পত্তি হয়নি তবে কার্যক্রম চলমান। |
| ১৮ | বিআরডিবিভুক্ত ইউসিসিএসমূহের জনবল নিয়োগ প্রস্তাব অনুমোদন | উপজেলা হতে প্রেরিত প্রস্তাব এবং প্রয়োজনীয় তথ্যাদি যাচাই-বাছাই করে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নিয়োগের ছাড়পত্র/ অনুমতি প্রদান করা হয়। | ০১টি ইউসিসিএ'র জনবল নিয়োগ প্রস্তাব অনুমোদন করা হয়েছে। |

০২/০৪/২৩
মোছাঃ সাজেদা খাতুন
সহকারী পরিচালক (মূল্যায়ন)
বিআরডিবি, ঢাকা।

০২/০৪/২৩
ড. মোঃ জিয়াউর রশীদ
উপপরিচালক (গবেষণা ও মূল্যায়ন)
বিআরডিবি, ঢাকা।

২.৩) অভ্যন্তরীণ সেবা

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | অগ্রগতি (জানুয়ারী-মার্চ/ ২০২৩) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | চাকুরি স্থায়ীকরণ | বিআরডিবি'র কর্মচারী চাকরি প্রবিধানমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আদেশ জারি করা হয়। | আলোচ্য ত্রৈমাসে চাকুরি স্থায়ীকরণ সংক্রান্ত কোন আদেশ জারি করা হয় নাই। |
